বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

# মানবিক বাংলাদেশ

ঢাকা রবিবার ॥ বর্ষ-২ সংখ্যা-২৮৬ ॥ ০২ ফেব্রুয়ারি ২০২৫ ॥ ১৯ মাঘ ১৪৩১ বাংলা ॥ ০২ সাবান ১৪৪৬ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা



## ন্যায়বিচারের অন্তরায় হিসেবে দুর্বল তদন্ত দায়ী: প্রধান বিচারপতি

**রাজশাহী প্রতিনিধি :** প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ বলেছেন, দুর্বল তদন্ত ও অপেশাদার প্রসিকিউশন বাংলাদেশে ন্যায়বিচারের অন্যতম অন্তরায়। তাই বিচার বিভাগের স্বাধীনতার প্রাতিষ্ঠানিকীকরণে স্বতন্ত্র প্রসিকিউশন সার্ভিস গঠন এবং সুপ্রিম কোর্ট সচিবালয় স্থাপনের বিকল্প নেই *২-এর পাতায় দেখুন*



## সেন্টমার্টিন দ্বীপকে বাঁচাতে ভ্রমণ বন্ধ রাখা হয়েছে: পরিবেশ উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** সেন্টমার্টিনের জীববৈচিত্র্য রক্ষা করতেই ভ্রমণ বন্ধ রাখার সিদ্ধান্ত নিতে হয়েছে বলে দাবি করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান জানিয়েছেন, সেন্ট মার্টিনকে স্থানীয় জনগণ কেন্দ্রিক পর্যটন কেন্দ্রে রূপ দেয়া হবে। শনিবার (১ ফেব্রুয়ারি) রাজধানীর *২-এর পাতায় দেখুন*



## নির্বাচন ছাড়া অন্য বিষয়ে সরকারের বেশি আগ্রহ সন্দেহজনক: গয়েশ্বর

**স্টাফ রিপোর্টার :** একটি সুষ্ঠু নির্বাচন দেয়ার পরিবর্তে অন্য বিষয়ে সরকারের বেশি আগ্রহ প্রকাশ করা সন্দেহজনক বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। শনিবার (১ ফেব্রুয়ারি) জাতীয় প্রেসক্লাবের তোফাজ্জল হোসেন মানিক মিয়া হলে স্বাধীন বাংলা মাদক বিরোধী কল্যাণ *২-এর পাতায় দেখুন*

### অমর একুশে বইমেলার উদ্বোধন

# জুলাই বিপ্লব বইমেলায় নতুন তাৎপর্য নিয়ে এসেছে : প্রধান উপদেষ্টা



প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস ঢাকায় বাংলা একাডেমি প্রাঙ্গণে অমর একুশে বইমেলা ২০২৫-এর উদ্বোধন শেষে বইয়ের স্টল ঘুরে দেখেন। -পিআইডি

**স্টাফ রিপোর্টার :** বাংলা একাডেমিতে মাসব্যাপী অমর একুশে বইমেলার উদ্বোধন করে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, গত বছরের ৫ আগস্ট ছাত্র-জনতার ঐতিহাসিক অভ্যুত্থানের মধ্য দিয়ে জাতির ঘাড়ে দীর্ঘ ১৬ বছর ধরে চেপে থাকা স্বৈরাচারী সরকারের পতন ঘটেছে। আমাদের সাহসী তরুণদের এই অভূতপূর্ব আত্মত্যাগ বিশ্বকে চমকে দিয়েছে। এই বিজয়ের মাধ্যমে এসেছে নতুন বাংলাদেশ গড়ার ইস্পাত কঠোর প্রতিজ্ঞা। যাদের মহান আত্মত্যাগের মাধ্যমে অর্জিত অভ্যুত্থান এবারের বইমেলা নতুন তাৎপর্য নিয়ে আমাদের সামনে এসেছে। শনিবার (১ ফেব্রুয়ারি) বিকেলে বাংলা একাডেমিতে অমর একুশের বইমেলার উদ্বোধন শেষে দেওয়া বক্তৃতায় তিনি এ কথা বলেন। প্রধান উপদেষ্টা বলেন, আমি আজ গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি *২-এর পাতায় দেখুন*

## অন্তর্বর্তী সরকারের আমলে বিচারবহির্ভূত হত্যা দুর্ভাগ্যজনক : মির্জা ফখরুল


**স্টাফ রিপোর্টার :** যুবদল নেতা তৌহিদুল ইসলামকে বিচারবহির্ভূতভাবে হত্যার তীব্র নিন্দা, প্রতিবাদ ও ধিক্কার জানিয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ছাত্র-জনতার আন্দোলনে আওয়ামী ফ্যাসিস্ট সরকারের পতনের পরে গণতান্ত্রিক আন্দোলনে অংশগ্রহণকারী রাজনৈতিক দলগুলোর সমর্থিত অন্তর্বর্তীকালীন সরকারের আমলে এ ধরণের বিচারবহির্ভূত হত্যা দুর্ভাগ্যজনক। এই নির্মমতা আওয়ামী ফ্যাসিবাদী আমলকেই মনে করিয়ে দেয়। গতকাল শনিবার এক বিবৃতিতে তিনি এসব কথা বলেন। বিএনপি মহাসচিব বলেন, কুমিল্লা জেলাধীন সদর উপজেলার পাঁচথুবী ইউনিয়ন যুবদলের আহ্বায়ক তৌহিদুল ইসলামকে সাদা পোশাকধারী লোকেরা বাসা থেকে উঠিয়ে নিয়ে যাওয়ার পর নির্যাতন-নিপীড়ন চালিয়ে তাকে হত্যা করে। তৌহিদুল ইসলামকে নির্মমভাবে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছি। ড. ইউনূসের (ড. মুহাম্মদ ইউনূস) নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকারের অন্যতম *২-এর পাতায় দেখুন*

### ভোটার হালনাগাদ

# ছুটির দিনেও অফিস খোলা রাখার নির্দেশ ইসির




**স্টাফ রিপোর্টার :** চলমান ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনেও অফিস খোলা রাখতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সংস্থাটির জনবল ব্যবস্থাপনা শাখার সহকারী সচিব মোহাম্মদ শহীদুর রহমানের জারি করা এক অফিস আদেশ থেকে বিষয়টি জানা গেছে। নির্দেশনায় বলা হয়ে বলা হয়েছে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ উপলক্ষে তথ্য সংগ্রহ গত ২০ জানুয়ারি শুরু হয়েছে, যা চলবে ৩ ফেব্রুয়ারি পর্যন্ত। নিবন্ধন কার্যক্রম আগামী ৫ ফেব্রুয়ারি থেকে ১১ এপ্রিল পর্যন্ত চলমান থাকবে। এ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীসহ (রাজস্ব, আউটসোর্সিং, সংযুক্ত ও দৈনিক ভিত্তিতে নিয়োজিত) হিসাবরক্ষণ অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী, সরকারি পরিবহন পুলের গাড়ি চালকদের ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন এবং অফিস সময়ের পরে অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করতে হবে। একইসঙ্গে নিরাপত্তা ও প্রটোকলে নিয়োজিত নির্বাচন কমিশন সচিবালয়ের সাংগঠনিক কাঠামোর বাইরের সংশ্লিষ্ট দেহরক্ষী/গানম্যান/পুলিশ/আনসারদেরকেও ওই সময়ে নিজ নিজ দায়িত্ব পালন করতে হবে। এ সংক্রান্ত নির্দেশনা এনআইডি মহাপরিচালক, চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে পাঠানো হয়েছে।



## আমার ভাইয়ের রক্তে রাঙানো

**স্টাফ রিপোর্টার :** মাতৃভাষা আন্দোলনের ওপর আবদুল গাফ্‌ফার চৌধুরীর লেখা আর আলতাফ মাহমুদের সুর করা কালজয়ী এ গানটি 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি-আমি কি ভুলিতে পারি'- কোটি কোটি বাঙালীর হৃদয়ে বেদনা জাগায়। অমর এ গানটি কোটি কোটি বাঙালীর মনের বিরাট অংশজুড়ে জায়গা নিয়ে আছে। গানটি শুনলেই কোটি কোটি মানুষের বুকের মধ্যে হাহাকার করে ওঠে সেদিনের সেই বর্বর পাকিস্তানীদের অত্যাচার আর *২-এর পাতায় দেখুন*

# ইভিএম নিয়ে বিপাকে ইসি সংরক্ষণে নতুন পরিকল্পনা



**স্টাফ রিপোর্টার :** নির্বাচনে ব্যবহার অনিশ্চিত ইলেকট্রনিক ভোটিং মেশিনের (ইভিএম)। এখন এসব মেশিন সংরক্ষণে কুলকিনারা খুঁজে পাচ্ছে না নির্বাচন কমিশন (ইসি)। অস্থায়ীভাবে বিভিন্ন স্কুল-কলেজ ও আঞ্চলিক নির্বাচন অফিসে রাখার পর ইভিএমের জন্য স্থায়ীভাবে জায়গার সংস্থান হয়নি। তবে স্থায়ীভাবে মেশিনগুলো সংরক্ষণ করতে নতুন পরিকল্পনা করছে ইসি। সম্পতি অনুষ্ঠিত ইসির জানুয়ারি মাসের সমন্বয় সভায় ইভিএম সংরক্ষণে নতুন পরিকল্পনার বিষয়টি উঠে আসে। সভায় সভাপতিত্ব করেন ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ। সভায় ইভিএম সংরক্ষণে মাঠ কার্যালয়ে ওয়্যারহাউজ নির্মাণ বিষয়ে ইসির পরিকল্পনা ও উন্নয়ন শাখার উপপ্রধান জানান, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মতামত অনুযায়ী উপজেলা নির্বাচন কার্যালয়ের ভবনগুলো ঊর্ধ্বমুখী সম্প্রসারণ করা সম্ভব নয়। এছাড়া যেসব উপজেলা ও জেলায় নির্বাচন কমিশনের নিজস্ব ভবন নেই, সেসব উপজেলা ও জেলায় নিজস্ব ভবন নির্মাণের জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। অধিকাংশ আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা অঞ্চলে অবস্থিত বিদ্যমান ভবনের ঊর্ধ্বমুখী সম্প্রসারণ সম্ভব বলে জানান। এর পরিপ্রেক্ষিতে ইসির সিনিয়র সচিব বিদ্যমান অফিস ভবনের *২-এর পাতায় দেখুন*

## যুবদল নেতা তৌহিদুলের মৃত্যু জরুরি তদন্তের নির্দেশ সরকারের

**স্টাফ রিপোর্টার :** কুমিল্লায় বাড়ি থেকে গভীর রাতে তৌহিদুল ইসলাম (৪০) নামে এক যুবদল নেতাকে যৌথবাহিনীর সদস্যরা তুলে নিয়ে যাওয়ার পর নির্যাতনের কারণে তার মৃত্যু হয়েছে বলে অভিযোগ করেছে পরিবার। এ ঘটনার জরুরি তদন্তের নির্দেশ দিয়েছে অন্তর্বর্তী সরকার। শনিবার (১ ফেব্রুয়ারি) প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, কুমিল্লায় গতকাল শুক্রবার রাতে পুলিশ তৌহিদুল ইসলাম নামে এক যুবককে হাসপাতালে নিয়ে যায়। অভিযোগ ওঠে, ভোরে তার বাড়ি থেকে গ্রেপ্তার করার পর নিরাপত্তা বাহিনী তাকে আহত করে। অন্তর্বর্তীকালীন সরকার এই মৃত্যুর *২-এর পাতায় দেখুন*

## ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাত আজ

**স্টাফ রিপোর্টার :** বিশ্ব ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাত আজ রোববার সকাল ৯টা থেকে সাড়ে ৯টার মধ্যে হবে। এ উপলক্ষে টঙ্গী এলাকায় গতকাল শনিবার রাত ১২টা থেকে গণপরিবহন বন্ধ থাকবে বলে জানিয়েছেন গাজীপুর মেট্রোপলিটন পুলিশ (জিএমপি) কমিশনার ড. নাজমুল করিম খান। গতকাল শনিবার সকাল ১০টায় বিশ্ব ইজতেমা ময়দানে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের (জিএমপি) নিয়ন্ত্রণ কক্ষে সংবাদ সম্মেলনে কমিশনার সাংবাদিকদের এ কথা বলেন। জিএমপি কমিশনার বলেন, গতকাল শনিবার রাত ১২টা থেকে টঙ্গী-কামারপাড়া সড়ক, ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের টঙ্গী থেকে গাজীপুরের ভোগড়া বাইপাস পর্যন্ত এবং আবদুল্লাহপুর থেকে আশুলিয়ার বাইপাইল পর্যন্ত যানবাহন চলাচল বন্ধ থাকবে। তিনি বলেন, এ ছাড়া ময়মনসিংহ ও গাজীপুরগামী যানবাহনগুলোকে গাবতলী দিয়ে কোনাবাড়ী হয়ে এবং ময়মনসিংহ থেকে ঢাকাগামী যানবাহনগুলোকে ভোগড়া বাইপাস হয়ে ৩০০ ফিট রাস্তা ব্যবহার করার নির্দেশনা দেওয়া হয়েছে। এ সময় এসব সড়কে কোনও পণ্যবাহী গাড়ি বা যানবাহন চলতে পারবে না। তবে ইজতেমা সংশ্লিষ্ট সব ধরনের যান চলাচল স্বাভাবিক থাকবে। কমিশনার নাজমুল করিম খান বলেন, ইজতেমার মুরব্বিদের সঙ্গে আমাদের আলোচনা হয়েছে। তারা জানিয়েছেন, রবিবার সকাল ৯টা থেকে সাড়ে ৯টার মধ্যে আখেরি মোনাজাত হবে। আমাদের পক্ষ থেকে সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে, যাতে কোনও অনাকাঙ্ক্ষিত ঘটনা না ঘটে। আশা করি, কোনও বিশৃঙ্খলা হবে না। উল্লেখ্য, তাবলিগ জামাত বাংলাদেশের শীর্ষ মুরব্বি, কাকরাইল জামে মসজিদের পেশ ইমাম ও খতিব মাওলানা জুবায়ের আহমেদ আখেরি মোনাজাত পরিচালনা করবেন।



## স্বৈরাচারের দোসরদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকার আহ্বান তারেক রহমানের

**ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি :** স্বৈরাচারের দোসরদের বিরুদ্ধে দেশের সব জনগণকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। শনিবার (১ ফেব্রুয়ারি) বিকেলে ব্রাহ্মণবাড়িয়ায় জেলা বিএনপির দ্বি-বার্ষিক কাউন্সিল *২-এর পাতায় দেখুন*

## খাদ্যের চাহিদা পূরণে উচ্চ ফলনশীল জাতের বিকল্প নেই: শেকৃবি উপাচার্য

**স্টাফ রিপোর্টার :** সময়ের সাথে বেড়ে চলা দেশের বর্ধিত জনসংখ্যার বিস্তৃত খাদ্য চাহিদা পূরণে উচ্চ ফলনশীল ফসলের জাত উদ্ভাবন এবং মাঠ পর্যায়ে উৎপাদনমুখী করার বিকল্প নেই। শেকৃবিতে Plant Tissue Culture and Biotechnolog শীর্ষক কনফারেন্সে প্রধান অতিথির বক্তব্য এ কথা বলেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড আব্দুল লতিফ। শনিবার (১ ফেব্রুয়ারি) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে এ কনফারেন্স অনষ্ঠিত হয়। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ এসোসিয়েশন অফ প্লান্ট টিস্যু কালচার এন্ড বায়োটেকনোলজি (বিএপিটিসি এন্ড বি) এর যৌথ প্রযোজনায় দিনব্যাপী এই অনুষ্ঠান চলে। অনুষ্ঠানে অধ্যাপক আব্দুল লতিফ বলেন, *২-এর পাতায় দেখুন*



## জাম্বিয়ায় ওষুধ কারখানা স্থাপনে বাংলাদেশকে প্রস্তাব

**স্টাফ রিপোর্টার :** জাম্বিয়ায় একটি ওষুধ কারখানা স্থাপনে বাংলাদেশকে প্রস্তাব দিয়েছে দেশটি। এছাড়া বাংলাদেশ থেকে ওষুধ নিতে আগ্রহ প্রকাশ করেছে দেশটি। পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, বাংলাদেশে জাম্বিয়া প্রজাতন্ত্রের নবনিযুক্ত অনাবাসী হাইকমিশনার পার্সি পি চন্দা পররাষ্ট্র উপদেষ্টা এম তৌহিদ হোসেনের সঙ্গে বৈঠকে এ আগ্রহ প্রকাশ করেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এ বৈঠকে উভয় পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার এবং বাণিজ্য সহযোগিতা বৃদ্ধির প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে পারস্পরিক স্বার্থের বিষয়ে আলোচনা করেন। তারা জাম্বিয়া ও বাংলাদেশের মধ্যে ভবিষ্যৎ সহযোগিতার সম্ভাব্য ক্ষেত্রগুলোও অন্বেষণ করেন। এছাড়া হাইকমিশনার চন্দা বাংলাদেশি ওষুধ আমদানিতে জাম্বিয়ার আগ্রহ *২-এর পাতায় দেখুন*

# রাজশাহীতে বোয়ালিয়া থানাধীন পৈতৃক সম্পত্তি দখলের পায়তারা



মোঃ আতিকুর রহমান আতিক, রাজশাহী: রাজশাহীর বোয়ালিয়া মৌজার পৈতৃক সম্পত্তি দখলের পায়তারা করছেন একটি প্রভাবশালী মহল বলে অভিযোগ উঠেছে। বোয়ালিয়া মৌজার মধ্য এস.এ-১৮ এবং আর, এস খতিয়ান নং ১৮০২, হাল -২২২৯ দাগে, ২২১৯ একরের কাত.১১০৯৫ একর ও হাল-২২৩৮ দাগে .১৫৫০ একরের কাত-০৭৭৫ একর মোট .৩৮৪৪ একরের কাত- .১৯২২ একর। পৈতৃক ওয়ারিশ সুত্রে উক্ত জমির মালিক বাছের আলী, নাজিম উদ্দিন সেখ, একরাম শেখ নামের তিনজনের যোগ্য ১৭ ওয়ারিশ। ঔ ১৭ ওয়ারিশ হলেন মাজেদা বেওয়া, আঙ্গুরা বেওয়া, দিলেরা বেওয়া, আব্দুর রশিদ, নাদিম হোসেন, নাজমুল হক, রওশনারা খাতুন, মোজ্জামেল হক, শাহিন আলী, শাহানাজ খাতুন, বিলকিস আরা, বুলবুলি বেওয়া, নাদিম আহমেদ, আদিল শেখ, সুলতানা, শাহিনুর হাসান, সাইদুর রহমান। সম্প্রতি উক্ত জমিতে প্রভাব বিস্তারে একটি মহল চাঁদাবাজদের দ্বায়িত্ব দিয়েছে। ওই চাঁদাবাজ ও ভুমি দখল গ্রুপ ইতোমধ্যে ওয়ারিশ গণকে নানাভাবে হুমকি ধামকিসহ সাইনবোর্ড ভেঙে ফেলার পরিকল্পনা করছেন। ওয়ারিশগণ বলেন আমরা ওই জমির পৈতৃক ওয়ারিশ। আমরা আইনগত ও *২-এর পাতায় দেখুন*

## দেশে ফিরেছেন খালেদা জিয়ার ৪ চিকিৎসক

**স্টাফ রিপোর্টার :** উন্নত চিকিৎসার জন্য যুক্তরাজ্যে অবস্থানরত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে থাকা ব্যক্তিগত চিকিৎসক দলের চার সদস্য দেশে ফিরছেন। গতকাল শনিবার দুপুর ১টার দিকে ঢাকায় পৌঁছেছেন তারা। এর আগে যুক্তরাজ্যের হিথ্রো বিমানবন্দর থেকে গত শুক্রাবর লন্ডন সময় সন্ধ্যা ৬টা ২০ মিনিটে ফ্লাইটটি ঢাকার উদ্দেশ্যে যাত্রা করে। ঢাকায় ফেরা চিকিৎসক হলেন, ডা. এফ এম সিদ্দিকী, ডা. মো. সাহাবুদ্দিন তালুকদার, ডা. নুর উদ্দিন আহমদ ও ডা. জাফর ইকবাল। এছাড়া চিকিৎসক এ জেড এম জাহিদ হোসেন ও মোহাম্মদ আল মামুন নেত্রীর সঙ্গে যুক্তরাজ্যে অবস্থান করছেন। গত ৮ জানুয়ারি বিকেলে লন্ডনের হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। *২-এর পাতায় দেখুন*


# গুম-খুনের সঙ্গে জড়িতদের বিচার করতে হবে: জামায়াত আমির

**সুনামগঞ্জ প্রতিনিধি :** বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, আমরা অতীত নিয়ে পড়ে থাকতে চাই না। তবে যারা খুন ও গুমের সঙ্গে জড়িত, অগ্রাধিকার দিয়ে তাদের বিচার করতে হবে। শনিবার (১ ফেব্রুয়ারি) দুপুরে সুনামগঞ্জ শহরের সরকারি জুবিলী উচ্চবিদ্যালয় মাঠে জামায়াতে ইসলামীর আয়োজিত কর্মী সম্মেলনে তিনি এ কথা বলেন। জামায়াত আমির বলেন, গণহত্যা ও মানবহত্যার বিচার করতে হবে। প্রতিহিংসার জন্য নয়, মানবসমাজকে কংলকমুক্ত করার জন্য আমরা এসব ঘটনার বিচার চাই। এ সময় নিজ দলের নেতাকর্মীদের নিয়েও কথা বলেন ডা. শফিকুর রহমান।

তিনি বলেন, আমাদের নেতাকর্মীরা ৫ আগস্টের পর কোনও জলমহাল, বালুমহালসহ দেশের কোথাও চাঁদাবাজি করেনি। মামলা বাণিজ্য করেনি। যদি দলের কেউ অপরাধ করে, তবে তাকে আইনের আওতায় নিয়ে আসুন। জামায়াত আমির আরও বলেন, বিগত আওয়ামী লীগ সরকার আমাদের নিবন্ধন বাতিল করে। শুধু তাই নয়, নিষিদ্ধও ঘোষণা করে। কিন্তু আমরা ভেঙে পড়েনি। কারণ আমরা জানি, জামায়াতে ইসলাম সত্য ও ন্যায়ের পক্ষে চলে। সুনামগঞ্জ জেলা জামায়াতের আমির মাওলানা তোফায়েল আহমদ খানের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের, সুপ্রিম কোর্টের আপিল বিভাগের আইনজীবী মুহাম্মদ শিশির মনির, জামায়াতের কেন্দ্রীয় কর্মপরিষদের সদস্য মো. সেলিম উদ্দিন, ফখরুল ইসলাম, সিলেট জেলার আমির মাওলানা হাবিবুর রহমান প্রমুখ। এ ছাড়া সম্মেলনে জেলা ও উপজেলা পর্যায়ের নেতারাও বক্তব্য রাখেন। *২-এর পাতায় দেখুন*

## জুলাই বিপ্লবে চোখ ক্ষতিগ্রস্তদের চিকিৎসা দিচ্ছেন সিঙ্গাপুরের বিশেষজ্ঞরা

**স্টাফ রিপোর্টার :** বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনের আহত চক্ষু রোগীদের চিকিৎসায় সিঙ্গাপুর থেকে বিশেষজ্ঞ চিকিৎসক টিম আনা হয়েছে। গতকাল শনিবার সকাল ৯টা থেকে রাজধানীর চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে তারা চিকিৎসা দিচ্ছেন। সরেজমিনে গিয়ে দেখা গেছে, ৫ বিশেষজ্ঞের সমন্বিত টিম রোগীদের একেক করে বিস্তারিত শুনছেন, তাদের পরীক্ষার রিপোর্টগুলো দেখছেন, পুরো চিকিৎসার মূল্যায়ন করছেন। তাদের পক্ষ থেকে পরামর্শ দিচ্ছেন। সিঙ্গাপুর থেকে আগত বিশেষজ্ঞ চিকিৎসক দলে আছেন, ডা. রোনাল্ড ইয়োহ, ডা. ব্লাঞ্চ লিম জিয়াও, ডা. রুবেন ফু চাও, ডা. ডোনাল্ড তান এবং ডা. নিকোল তান। তাদের সহযোগিতা করছেন জাতীয় চক্ষু *২-এর পাতায় দেখুন*



## মিয়ানমারের সীমান্ত দিয়ে থামছে না মাদক পাচার

**স্টাফ রিপোর্টার :** মিয়ানমারের রাখাইন রাজ্যের বেশিরভাগ এলাকা বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির দখলে। মিয়ানমারের সামরিক জান্তা বাহিনীর সঙ্গে আরাকান আর্মির সংঘাত শুরু হওয়ার পর থেকে নদীপথে সীমান্ত-বাণিজ্য প্রায় বন্ধ রয়েছে। এই পরিস্থিতিতে, ইয়াবাসহ বিভিন্ন মাদকের প্রবাহ কমছে না। এরই মধ্যে সীমান্তে মাদক পাচার রোধে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সীমান্তের বিভিন্ন পয়েন্টে টহল জোরদার করেছে। জানা যায়, কক্সবাজারের টেকনাফ সীমান্তের নাফনদের বিভিন্ন পয়েন্টে বিভিন্ন সময়ে অভিযান চালিয়ে বিশাল পরিমাণে ইয়াবা উদ্ধার করেছে বিজিবি। টেকনাফ বিজিবি-২ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. আশিকুর রহমান জানিয়েছেন, মিয়ানমার জলসীমা থেকে *২-এর পাতায় দেখুন*

## পরিকল্পনাবিহীন ড্যাপ সংশোধনে ঢাকার বাসযোগ্যতা হুমকিতে : আইপিডি

**স্টাফ রিপোর্টার :** ঢাকার ইমারত নির্মাণ বিধিমালা ও বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) সংশোধনের ক্ষেত্রে আবাসন ব্যবসায়ী, ভবন ডিজাইন ও সংশ্লিষ্ট পেশাজীবিরা নিজ স্বার্থ রক্ষার চেষ্টা চালিয়ে যাচ্ছে। এসব পেশাজীবীদের প্ররোচনায় গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) জনস্বার্থ ও ঢাকার বাসযোগ্যতাকে সম্পূর্ণ উপেক্ষা করে ইমারত নির্মাণ বিধিমালা ও ড্যাপ সংশোধনের প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে। ৩১ জানুয়ারি ইনস্টিটিউট ফর প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট (আইপিডি) অনলাইনে আয়োজিত অনুষ্ঠানে নগর পরিকল্পনাবিদরা এসব কথা জানান। 'ঢাকার ইমারত নির্মাণ বিধিমালা ও বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) সংশোধনের প্রক্রিয়া, উদ্দেশ্যে ও স্বার্থের দ্বন্দ্ব: আইপিডির *২-এর পাতায় দেখুন*

বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

# মানবিক বাংলাদেশ

ঢাকা রবিবার ॥ ২ ফেব্রুয়ারি ২০২৫ ॥ ১৯ মাঘ ১৪৩১ বাংলা

# কঙ্গোতে কয়েকদিনের সংঘাতে নিহত ৭০০



**আন্তর্জাতিক ডেস্ক :** মধ্য আফ্রিকার দেশ গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের পূর্বাঞ্চলের সবচেয়ে বড় শহর গোমায় কয়েকদিন ধরে চলা সংঘাতে কমপক্ষে ৭০০ জন নিহত হয়েছে। জাতিসংঘের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। সেখানে বেশ কয়েকদিন ধরেই বিদ্রোহী ও সরকারি বাহিনীর মধ্যে তীব্র লড়াই চলছে। খবর বিবিসির। জাতিসংঘের মুখপাত্র স্টিফেন দুজারিক জানিয়েছেন, রুয়ান্ডা সমর্থিত এম২৩ বিদ্রোহীরা নর্থ কিভু প্রদেশের রাজধানীটি দখল করে নেওয়ায় সংঘাতের সূত্রপাত হয়। সেখানে এখন পর্যন্ত দুই হাজার ৮০০ জন আহত হয়েছে বলেও জানান তিনি। বিদ্রোহীরা এখন দক্ষিণের সাউথ কিভুর রাজধানী বুকাভুর দিকে অগ্রসর হচ্ছে বলে খবর পাওয়া গেছে। দেশটির পূর্বাঞ্চল ঘিরে ১৯৯০ এর দশক থেকেই সংঘাত-সংঘর্ষ চলে আসছে। কিন্তু গত কয়েক সপ্তাহে পরিস্থিতি চরম আকার ধারণ করেছে। তুতসি সম্প্রদায়ের সদস্যদের দিয়ে গঠিত মার্চ টোয়েন্টিথ্রি মুভমেন্ট বা এম২৩ বলছে, সংখ্যালঘুদের অধিকার প্রতিষ্ঠায় তারা লড়াই করে যাচ্ছে। অপরদিকে গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের সরকার বলছে, রুয়ান্ডা সমর্থিত এই বিদ্রোহীদের মূল লক্ষ্য হচ্ছে খনিজ সমৃদ্ধ পূর্বাঞ্চল দখল করা। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও এর অংশীদারদের মূল্যায়ন ও গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের সরকারের দেওয়া তথ্যের বরাত দিয়ে শুক্রবার স্টিফেন দুজারিক জানান, দুই পক্ষের সংঘর্ষে গত রোববার থেকে বৃহস্পতিবারের মধ্যেই অন্তত ৭০০ জন নিহত হয়েছে। নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলেও আশঙ্কা করা হচ্ছে। বুকাভুর প্রতিরক্ষায় শত শত বেসামরিক স্বেচ্ছাসেবককে নিয়োগ দেওয়া হয়েছে। দেশটির পররাষ্ট্রমন্ত্রী তেরেজ কায়িকোয়াম্বা ভাগনার বিবিসিকে বলেন, রুয়ান্ডা অবৈধভাবে কঙ্গো দখল করছে এবং এর সরকার বদলানোর চেষ্টা চালাচ্ছে।

এজন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের ওপর দায় চাপিয়ে তিনি বলেন, আন্তর্জাতিক আইন লঙ্ঘনের দায়ে রুয়ান্ডার প্রেসিডেন্ট পল কাগামেকে জবাবদিহিতার আওতায় না এনে তাকে দশকের পর দশক ধরে যা ইচ্ছা তাই করার সুযোগ দেওয়া হয়েছে। তবে রুয়ান্ডা সরকারের মুখপাত্র ইয়োলান্ড মাগোদো সব অভিযোগ অস্বীকার করে বলেছেন, কঙ্গোর পূর্বাঞ্চলের সংঘাত যেন রুয়ান্ডার ভেতরে ছড়িয়ে না পড়ে তা নিশ্চিত করতে তার দেশের সেনা মোতায়েন করা হয়েছে। তিনি বলেন, আমরা যুদ্ধে আগ্রহী নই, সীমানা বাড়াতেও আগ্রহী নই। কঙ্গোতে সরকার ফেলে দেওয়ার কোনো আগ্রহও আমাদের নেই। কঙ্গোর পূর্বাঞ্চলে এম২৩-র পাশাপাশি রুয়ান্ডার তিন থেকে চার হাজার সৈন্যও সক্রিয় রয়েছে বলে জানিয়েছে জাতিসংঘ।

## আটকে রাখা জাহাজ ১৬ দিন পর ছেড়েছে আরাকান আর্মি

**স্টাফ রিপোর্টার :** ১৬ দিন পর আটক করা পণ্যবাহী জাহাজ ছেড়ে দিয়েছে মিয়ানমারের বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি। গতকাল শনিবার দুপুর পৌনে ১টায় পণ্যবাহী জাহাজটি টেকনাফ স্থলবন্দর ঘাটে এসে পৌঁছেছে। এর আগে আরাকান আর্মির হেফাজতে থাকা দুটি জাহাজ ২০ জানুয়ারি টেকনাফ স্থলবন্দরের পৌঁছেছিল। গতকাল শনিবার একটি জাহাজ পৌঁছেছে বলে জানিয়েছেন টেকনাফ স্থলবন্দর ইউনাইটেড ল্যান্ড পোর্টের ম্যানেজার সৈয়দ মোহাম্মদ আনোয়ার হোসেন। তিনি বলেন,

*৭-এর পাতায় দেখুন*

## আকাশ মেঘলা হলেও আবহাওয়া শুষ্ক থাকবে

**স্টাফ রিপোর্টার :** সারাদেশের আকাশ মেঘলা থাকলেও আবহাওয়া থাকবে শুষ্ক। গতকাল শনিবার এমন পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অফিস। আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ কবির জানিয়েছেন, উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বিহার ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। রোববার সকাল পর্যন্ত দেওয়া পূর্বাভাসে বলা হয়েছে, অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশের কোথাও কোথাও মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং তা কোথাও কোথাও দুপুর পর্যন্ত অব্যাহত থাকতে পারে। এদিকে ঘন কুয়াশার কারণে বিমান চলাচল, অভ্যন্তরীণ নদী পরিবহন এবং সড়ক যোগাযোগ সাময়িকভাবে ব্যাহত হতে পারে। সারাদেশে রাতের এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। রোববার সকাল থেকে সোমবার সকাল পর্যন্ত দেওয়া

*৭-এর পাতায় দেখুন*



# এখনও বিচারবহির্ভূত হত্যাকাণ্ড হলে মানুষ হতাশ হবে : রিজভী

**স্টাফ রিপোর্টার :** ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের আমলের মতো এখনও বিচারবহির্ভূত হত্যাকাণ্ড হলে মানুষ হতাশ হবে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। শনিবার (১ ফেব্রুয়ারি) রাজধানীর নয়াপল্টনে এক সভায় তিনি এ মন্তব্য করেন। যৌথ বাহিনীর হেফাজতে কুমিল্লায় যুবদলকর্মীর মৃত্যু নিয়ে তীব্র সমালোচনা করে রুহুল কবির রিজভী বলেন, ‘অন্তর্বর্তী সরকারের আমলে এমন বিচারবহির্ভূত হত্যাকাণ্ড কোনোভাবেই কাম্য নয়। শেখ হাসিনার শাস-নামলের মতো বিচারবহির্ভূত হত্যার পুনরাবৃত্তি অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের আমলে ঘটবে কেন?’ তিনি বলেন, ‘দেশ-বিদেশের ষড়যন্ত্র ও চক্রান্ত চলছেই। শঙ্কা আমাদের দিন দিন বাড়ছে। কুমিল্লায় যুবদলের একটা ছেলেকে ধরে নিয়ে মৃত অবস্থায় ফিরে দিয়েছে আইনশৃঙ্খলা বাহিনী। ড. ইউনূসের আমলে এই ঘটনা ঘটবে কেন? ড. ইউনূসকে পৃথিবীর বিভিন্ন মানবাধিকার সংস্থা এবং পশ্চিমা গণতান্ত্রিক দেশগুলো অত্যন্ত পছন্দ করে। এ দেশের মানুষও তাকে পছন্দ করে। তারা মনে করেন, তিনি দেশের একজন গুণী মানুষ, যিনি দেশের জন্য আন্তর্জাতিক সম্মান নিয়ে এসেছেন। তার সময়ে যদি শেখ হাসিনা সরকারের আমলের বিচারবহির্ভূত হত্যার পুনরাবৃত্তি হয় তাহলে তো হোঁচট খাবে জনগণ।’ তিনি আরও বলেন, যদি ওই ছেলেটি অপরাধী হয় তাহলে তাকে গ্রেপ্তার করে আইনের আওতায় নেওয়া যেত। কিন্তু গ্রেপ্তার করে ভয়াবহ টর্চার করে মেরে ফেলে বাবা-মার কাছে ফেরত দেওয়া এটা এই আমলে হবে কেন? বিএনপির এ নেতা বলেন, ‘ড. ইউনূসের নেতৃত্বাধীন সরকারকে দেশের গণতন্ত্রকামী মানুষ সমর্থন করেছে, নির্বাচিত না হলেও সমস্ত রাজনৈতিক দলের সমর্থিত এ সরকার, তার সরকারের প্রতি জনগণের সমর্থন রয়েছে। কিন্তু তার সরকারের আমলে যদি শেখ হাসিনার আমলের পুনরাবৃত্তি হয় তাহলে তো এই যে এত রক্তাক্ত আন্দোলন, রাজপথে রক্তের আলপনা, আহাদের মতো পাঁচ বছরের শিশু, মুগ্ধর মতো একটি তরুণ প্রাণ, আবু সাঈদের নির্ভীক চিত্তে নিজের শার্টের বোতাম খুলে পুলিশের গুলি বরণ- এই যে আত্মদান, এই আত্মদান তো একেবারে ব্যর্থ হয়ে গেল।’ এদিকে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) এক বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ৩১ জানুয়ারি আনুমানিক রাত ৩টায় সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে যৌথবাহিনীর অভিযানে কুমিল্লার আদর্শ সদর উপজেলা থেকে মো. তৌহিদুল ইসলামকে আটক করা হয়। পরের দিন দুপুর সাড়ে ১২টায় কুমিল্লা মেডিকেল

*৭-এর পাতায় দেখুন*

## বিএনপির বিরুদ্ধে সংযত হয়ে কথা বলতে হবে: সেলিমা রহমান

**স্টাফ রিপোর্টার :** বিএনপি একটি বড় দল এবং ঐতিহ্যবাহী দল। সেই দলের বিরুদ্ধে কথা বলতে হলে সংযত হয়ে বলতে হবে বলে জানিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান। শনিবার (১ ফেব্রুয়ারি) জাতীয় প্রেস ক্লাবে আগামী নির্বাচন নিয়ে আওয়ামী দোসরদের নানামুখী ষড়যন্ত্রের বিরুদ্ধে নাগরিক প্রতিবাদ সভায় তিনি এ কথা বলেন। সেলিমা রহমান বলেন, ড. ইউনূসের সম্মান বিশ্বজুড়ে। তিনি অন্তর্বর্তী সরকারের প্রধান হয়ে কাজ করছেন। কিন্তু তার উপদেষ্টা পরিষদ থেকে যখন আমিত্বের কথা ভেসে আসে, আমি এটা করব, আমরা এটা করেছি... এসব কথা শুনলে কষ্ট লাগে। তিনি বলেন, শেখ মুজিবুর রহমান, শেখ হাসিনাও এরকম কথা বলেছে, সব কিছু তাদের। আর কারও কিছু

*৭-এর পাতায় দেখুন*

### কেটেছে ক্রয় জটিলতা

# সারাদেশে যাচ্ছে ইপিআই টিকা



**স্টাফ রিপোর্টার :** সারাদেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচির (ইপিআই) টিকার সংকট বেশ কয়েক মাস ধরেই। হাসপাতাল বা টিকাদান কেন্দ্রে গিয়ে টিকা না পেয়ে ফিরে এসেছেন অনেকেই। যদিও গত মাসের শেষে প্রোগ্রাম ম্যানেজার জানান, টিকার ক্রয় জটিলতা কেটেছে। জানুয়ারি মাসের পর আর এ সংকট থাকবে না। এ মাসের মধ্যেই তারা এটি কাটিয়ে উঠবেন। স্বাস্থ্য অধিদপ্তর সূত্র জানায়, শিশুদের টিকাগুলো সরকারি এবং বিদেশিদের দেওয়া অর্থে কেনা হয়। এখন টিকার টাকা পরিশোধ করা হয়েছে। ফলে টিকা ক্রয় সংক্রান্ত জটিলতা কেটেছে। জানুয়ারির প্রথম সপ্তাহে দেশের পশ্চিম সীমান্তের জেলা চাঁপাইনবাবগঞ্জ সদরে টিকা পাওয়া যায়নি। নবজাতকের জন্মের পর প্রথম টিকা বিসিজি দেওয়ার জন্য পার্শ্ববর্তী টিকাদান কেন্দ্রে যোগাযোগ করলে জানানো হয় টিকার সরবরাহ নেই। পরের সপ্তাহে স্বাস্থ্যকেন্দ্রের কর্মকর্তাদের মাধ্যমে যোগাযোগ করলে টিকার ব্যবস্থা হয়। তবে টিকা নিতে গিয়ে জানা যায়, কেন্দ্রে টিকাদান কার্ডের সরবরাহ নেই। অথচ শিশুদের জন্য এই কার্ড অতিজরুরি একটি বিষয়। জন্মনিবন্ধন করাসহ জীবনের বৃত্তান্ত সংরক্ষণের দলিল হিসেবে কাজ করে

*৭-এর পাতায় দেখুন*

## উপজেলা পর্যায়ে ছাত্র আন্দোলনের নেতাকর্মীদের একত্রিত করা হচ্ছে

**স্টাফ রিপোর্টার :** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় কমিটির সদস্য মেহেরাব সিফাত বলেন, আওয়ামী লীগের আমলে যেভাবে নির্যাতন খুন-গুম, হত্যা হয়েছে তা আর দেশের মানুষ কখন চায় না। সেজন্য ছাত্র আন্দোলনের নেতাকর্মী যারা আছেন তারা যেন নতুন সংস্কৃতি সৃষ্টি করতে পারেন। সেটি যেন জনবান্ধব হয় মানুষের প্রতিনিধিত্ব করতে পারেন। এ জন্য উপজেলা পর্যায়ে নেতাকর্মীদের একত্রিত করা হচ্ছে। গতকাল শনিবার সকালে মাদারীপুরের শিবচর উপজেলা পরিষদ অডিটোরিয়ামে বৈষম্যবিরোধী আন্দোলনের শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সিফাত বলেন, ছাত্র-

*৭-এর পাতায় দেখুন*



## বাংলা একাডেমিতে ফ্যাসিস্টদের দোসর ঢুকে পড়েছে : সংস্কৃতি উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী বলেছেন, বাংলা একাডেমিতে ফ্যাসিস্টদের দোসর ঢুকে পড়েছে। পুরো একাডেমি স্থবির, তাই পুরস্কার ও মনোনয়ন কমিটিসহ বেশ কয়েকটি বিষয়ে বাংলা একাডেমির জন্য একটি সংস্কার কমেটি করা হবে। শনিবার (১ ফেব্রুয়ারি) সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হাকিম চত্বরে আয়োজিত জাতীয় কবিতা উৎসবে এসব কথা বলেন তিনি। মোস্তফা সরয়ার ফারুকী বলেন, বাংলা একাডেমি পুরস্কারের সঙ্গে আসলে মন্ত্রণালয়ের কোনও যোগাযোগ থাকে না। বাংলা একাডেমি একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। তারা তাদের মতো করে সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু সিদ্ধান্ত নেওয়ার পর দেখা

*৭-এর পাতায় দেখুন*

## ঢাকায় আওয়ামী লীগের লিফলেট বিতরণ

**স্টাফ রিপোর্টার :** অজ্ঞাত স্থান থেকে ঘোষিত আওয়ামী লীগের কর্মসূচির প্রথম দিনে লিফলেট বিতরণ করেছে দলটির কর্মীরা। শনিবার (১ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ৮টায় জাতীয় প্রেস ক্লাবের প্রধান ফটকের সামনে ও আশপাশের এলাকায় পথচারী ও যাত্রীদের মধ্যে লিফলেট বিতরণ করে আওয়ামী লীগের কর্মীরা। অবশ্য, দুপুর ১২টা পর্যন্ত কর্মসূচি পালনে দলের প্রথম সারির কোনো নেতার দেখা মেলেনি। ড. মুহম্মদ ইউনূসের নেতৃত্বে গঠিত অন্তর্বর্তী সরকারকে অবৈধ ও অসাংবিধানিক আখ্যা দিয়ে ১ থেকে ৫ ফেব্রুয়ারি পর্যন্ত লিফলেট বিতরণ কর্মসূচি ঘোষণা করে আওয়ামী লীগ। প্রথম দিনে কর্মসূচি বাস্তবায়ন করতে এসে

*৭-এর পাতায় দেখুন*

## অনির্দিষ্টকাল সড়ক ও রেলপথ অবরোধের ঘোষণা তিতুমীরের শিক্ষার্থীদের

**স্টাফ রিপোর্টার :** রাজধানীর মহাখালীতে অবস্থিত সরকারি তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করে রাষ্ট্রীয় স্বীকৃতি দিতে শিক্ষার্থীদের আল্টিমেটামের সময় শনিবার (১ ফেব্রুয়ারি) বিকেল ৪টায় শেষ হয়েছে। তবে, এ সময়ের মধ্যে সরকারের পক্ষ থেকে কোনো ইতিবাচক সাড়া না পেয়ে এবার একযোগে সড়ক ও রেলপথ অবরোধের ঘোষণা দিয়েছেন শিক্ষার্থীরা। ঘোষণা অনুযায়ী, আগামীকাল রোববার (২ ফেব্রুয়ারি) থেকে ‘বারাসাত ব্যারিকেড টু নর্থ সিটি’ নামে অনির্দিষ্টকালের জন্য পালিত হবে এ কর্মসূচি। শনিবার (১ ফেব্রুয়ারি) বিকেল ৪টায় সরকারি তিতুমীর কলেজের শিক্ষার্থীদের সংগঠন

*৭-এর পাতায় দেখুন*

## বিশ্ববাজারে স্বর্ণের দামে নতুন ইতিহাস



**আন্তর্জাতিক ডেস্ক :** বিশ্ববাজারে প্রথমবারের এক আউন্স স্বর্ণের দাম ২ হাজার ৮০০ ডলার স্পর্শ করেছে। এতে বিশ্ববাজারে স্বর্ণের দামে নতুন ইতিহাস সৃষ্টি হয়েছে। শনিবার (১ ফেব্রুয়ারি) বিশ্ববাজারে স্বর্ণের রেকর্ড দামের নিয়ে জানা গেছে, সপ্তাহ শেষে বিশ্ববাজারে প্রতি আউন্স স্বর্ণের দাম দাঁড়িয়েছে ২ হাজার ৭৯৭ ডলার। অবশ্য সপ্তাহের শেষ কার্যদিবস লেনদেনের একপর্যায়ে প্রতি আউন্স সোনার দাম ২ হাজার ৮১৫ ডলার পর্যন্ত উঠে যায়। এর আগে কখনো এক আউন্স স্বর্ণের দাম ২ হাজার ৮০০ ডলার হয়নি। বিশ্ববাজারের তথ্য পর্যালোচনায় দেখা যায়, গত সপ্তাহে লেনদেন শুরু হওয়ার আগে বিশ্ববাজারে প্রতি আউন্স স্বর্ণের দাম ছিল ২ হাজার ৭৭০ ডলার। সপ্তাহের প্রথম কার্যদিবস লেনদেনের একপর্যায়ে প্রতি আউন্স স্বর্ণের দাম ২ হাজার ৭৩১ ডলারে নেমে যায়। তবে এরপর আবার দাম বাড়ার প্রবণতা শুরু হয়। ২৯ জানুয়ারি প্রতি আউন্স স্বর্ণের দাম ২ হাজার ৭৬০ ডলারে উঠে যায়। এদিকে, বিশ্ববাজারে স্বর্ণের এমন দাম

*৭-এর পাতায় দেখুন*



## দল গঠন করতে চাইলে সরকারের দায়িত্ব ছেড়ে দিন: আবদুস সালাম

**স্টাফ রিপোর্টার :** অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদের কেউ দল গঠন করতে চাইলে তাকে আগে সরকারের দায়িত্ব ছেড়ে দিতে হবে বলে মন্তব্য করেছেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা আবদুস সালাম। শনিবার (১ ফেব্রুয়ারি)

*৭-এর পাতায় দেখুন*

### শিক্ষা মন্ত্রণালয়ের বিবৃতি

## সময় বেঁধে দিয়ে আন্দোলন করার যৌক্তিকতা নেই

**স্টাফ রিপোর্টার :** তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের ঘোষণা আদায়ে সময় বেঁধে দিয়ে আন্দোলন করার যৌক্তিকতা নেই বলে বিবৃতি দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শনিবার গণমাধ্যমে পাঠানো এক বার্তায় শিক্ষা মন্ত্রণালয় জানায়, সরকারি তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের দাবিতে চলমান আন্দোলনের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় তথা সরকার অবহিত রয়েছে। এই মর্মে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, ঢাকার ঐতিহ্যবাহী সাতটি কলেজের সমন্বয়ে একটি পৃথক বিশ্ববিদ্যালয় গঠনের লক্ষ্যে ইউজিসির চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে গঠিত একটি বিশেষজ্ঞ

*৭-এর পাতায় দেখুন*




### দ্য ইকোনমিস্টের প্রতিবেদন

## বিদেশি সহায়তা বন্ধ করে নিজের পায়ে ‘কুড়াল মারছে’ আমেরিকা

**আন্তর্জাতক ডেস্ক :** বিদেশি সহায়তা নিয়ে সমালোচনা করা সহজ। অনেক সময় এই অর্থ অপচয় বা আত্মসাৎ হয়। এর উপকারিতা অনেকের দৃষ্টিতে স্পষ্ট নয়। তাছাড়া, বিদেশিদের সাহায্য করতে গিয়ে দেশের জনগণের জন্য কম অর্থ রাখা হয়ড়এই যুক্তিতে অনেকে এর বিরোধিতা করেন। এসব কারণেই ‘আমেরিকা ফার্স্ট’ নীতির প্রবক্তা ডোনাল্ড ট্রাম্পের জন্য এটি একটি সহজ লক্ষ্যবস্তু হয়ে উঠেছে। তবে বিশ্বের বিপুল দরিদ্র জনগোষ্ঠীর জন্য যখন রাতারাতি সহায়তা বন্ধ হয়ে যায়, তখন

*৭-এর পাতায় দেখুন*

## রাজধানীতে স্বর্ণসহ ছিনতাইকারী চক্রের ৬ সদস্য গ্রেপ্তার

**স্টাফ রিপোর্টার :** রাজধানীতে ৯২৮ গ্রাম স্বর্ণসহ ছিনতাইকারী চক্রের ছয় সক্রিয় সদস্যকে গ্রেপ্তার করেছে ডিএমপির ডিবি-সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম (উত্তর) বিভাগ। গ্রেপ্তারকৃতরা হলেন, বিধান চন্দ্র বিশ্বাস, সবুজ হাওলাদার, আল আমিন খান, তরিকুল ইসলাম, শফিকুল রহমান চুন্নু ও আজিম উদ্দিন। গ্রেপ্তারের সময় তাদের হেফাজত হতে ছিনতাই হওয়া ৯২৮ গ্রাম স্বর্ণ, বিভিন্ন মডেলের চারটি মোবাইল ফোন ও তিনটি সিম কার্ড উদ্ধার করা হয়। গতকাল শনিবার ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মুহাম্মদ তালেবুর রহমান এ তথ্য নিশ্চিত করেন। গত বুধবার ও বৃহস্পতিবার পটুয়াখালী

*৭-এর পাতায় দেখুন*

# দেশে ব্যবসা ও বিনিয়োগ নিয়ে দুশ্চিন্তা বাড়ছে ব্যবসায়ীদের



**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশে অর্থনীতির বেশিরভাগ সূচক খারাপ হচ্ছে। দেশের ব্যবসা ও বিনিয়োগ পরিস্থিতি নিয়ে বহুমুখী সংকট সামনে আনছেন ব্যবসায়ী-রা। অভ্যন্তরীণ ও বিদেশি বিনিয়োগের ক্ষেত্রেও একটা নেতিবাচক ধারা দেখা যাচ্ছে। দেশের অর্থনীতির জন্য এগুলোকে বড় চ্যালেঞ্জ হিসেবে দেখছেন অর্থনীতিবিদ ও ব্যবসায়ী সবাই। বিবিসি বাংলার এক প্রতিবেদনে বলা হয়েছে, গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকার পতনের পর একদিকে যেমন বেশকিছু শিল্প-কারখানা বন্ধ হয়েছে, আবার সম্ভাবনাময় অনেক শিল্প-কারখানাও অর্থাভাবে ঘুরে দাঁড়াতে পারেনি। আবার অর্থায়ন সংকট, ঋণ সহায়তা, সুদহার বৃদ্ধির কারণে ব্যবসায়ীরা উদ্বেগ জানাচ্ছেন নিয়মিত। সার্বিকভাবে ব্যবসা ও বিনিয়োগের পরিবেশ নিয়েও দুশ্চিন্তা ফুটে উঠছে ব্যবসায়ীদের কথায়। দেশের দক্ষিণাঞ্চলে চামড়া ও পাট শিল্পের একজন উদ্যোক্তা মো. ফিরোজ আহমেদ। পাটকলের মুনাফা ও ব্যাংক ঋণের ভর করে খুলনার ফুলতলায় দেশের বৃহত্তম চামড়া প্রক্রিয়াকরণ কারখানা প্রতিষ্ঠা করেছেন। ফুলতলায় সুপার জুট মিলস ও সুপারেক্স লেদার নামে দুটি প্রতিষ্ঠান তার গড়ে তোলা। ফিরোজ আহমেদ জানান, অতীত ও বর্তমান সংকট মিলিয়ে রপ্তানিমুখী দুটি শিল্প কারখানাই এখন রুগ্‌ণ। পাটকলে সক্ষমতার ২৫ শতাংশ এবং চামড়া কারখানায় দশ ভাগের কম সক্ষমতা কাজে লাগাতে পারছেন। ফিরোজ আহমেদের দুই কারখানার ৮০০ কোটি টাকার বেশি ঋণ জমেছে। দৈনিক সুদ হচ্ছে ৩০ লাখ টাকা। চামড়া ও পাটকল মিলে আড়াই হাজারের বেশি শ্রমিকের কাজ নেই। তার দাবি, দেশে পাট ও চামড়া কাঁচামালের অভাব নেই। বিদেশি ক্রেতা ও রপ্তানির সুযোগও রয়েছে। পুরোদমে কারখানা দুটি চালাতে তার এখন ন্যূনতম ২০০ কোটি টাকা ঋণ সহায়তা দরকার। এরই মধ্যে সুদের হার বৃদ্ধির কারণে ঋণের সুদ আরও বেড়েছে। ‘আমাদের দুটো ফ্যাক্টরিতে দৈনিক মাত্র ৫-৭ লাখ টাকা ইনকাম হয়। এখন এতবড় ইন্টারেস্ট কী করে দেব? এই জায়গাগুলো এই সরকারকে দেখতে হবে। এশিয়ার মধ্যে বড় ফ্যাক্টরি তৈরি করেছি

## যুবকের কবজি বিচ্ছিন্নের ঘটনায় গ্রেপ্তার ৪

**স্টাফ রিপোর্টার :** রাজধানীর আদাবরে বালুর মাঠে ছিনতাইকারীদের হাতে সুমন শেখ নামে যুবকের কবজি বিচ্ছিন্নের ঘটনায় চারজনকে গ্রেপ্তার করেছে ডিবি-মিরপুর বিভাগ। গ্রেপ্তাররা হলেন- মো. আলমগীর (২৬), শাহজাহান (৩৩), তরিকুল ইসলাম (১৯) ও মো. রাহাত হোসেন (১৮)। গতকাল শনিবার ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মুহাম্মদ তালেবুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন। ডিবি-মির-পুর বিভাগ সূত্রে জানা যায়, গত ৩০ জানুয়ারি রাজধানীর আদাবরের ১০ নাম্বার বালুর মাঠ এলাকায় ছিনতাইকারীদের চাপাতির আঘাতে সুমন শেখ নামে এক যুবকের কবজি বিচ্ছিন্ন হওয়ার ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে, এ ঘটনায় থানা পুলিশের পাশাপাশি ঘটনায় জড়িতদের গ্রেপ্তারে তৎপরতা শুরু করে ডিবি। গত শুক্রাবর রাতে ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে এ ঘটনায় সরাসরি সম্পৃক্ত একজন এবং ওই গ্রুপের আরও তিনজনসহ মোট চারজনকে গ্রেপ্তার করেছে ডিবি-

*৭-এর পাতায় দেখুন*

# পাট, হোগলা পাতা, কচুরিপানার পণ্য যাচ্ছে ২৬ দেশে



**রাজবাড়ী প্রতিনিধি :** পরিবেশের ভারসাম্য রক্ষা করে মানুষের জন্য কর্মসংস্থান সৃষ্টির কথা চিন্তা করেন রেলওয়ের প্রকৌশল বিভাগের অবসরপ্রাপ্ত কর্মকর্তা মো. হাকিম আলী সরদার। সেই চিন্তা থেকে রাজবাড়ী সদরের ভবদিয়া এলাকায় গড়ে তোলেন ‘গোল্ডেন জুট প্রোডাক্ট’ নামে একটি প্রতিষ্ঠান। এখানে খড়, পাট, হোগলা পাতা ও কচুরিপানা দিয়ে তৈরি হচ্ছে বিভিন্ন ধরনের ৩১ পদের পণ্য। এসব পণ্য রপ্তানি হচ্ছে কানাডা, জাপান, চীন, অস্ট্রেলিয়া, আমেরিকা, সৌদি আরবসহ বিশ্বের ২৬টি দেশে। এতে বৈদেশিক মুদ্রা আয়ের পাশাপাশি কর্মসংস্থান হয়েছে পল্লী-গাঁয়ের হাজারও মানুষের। প্রশাসন ব্যাংক লোনের সুপারিশ করাসহ শ্রমিকদের সুযোগ সুবিধার আশ্বাস দিয়েছে। ওই জুটমিলস্ এসব পণ্য রপ্তানি করে বছরে প্রায় কোটি টাকা মুনাফা করছে। রাজবাড়ী সদর উপজেলা নির্বাহী অফিসার মারিয়া হক বলেন, পরিবেশবান্ধব এসব পণ্য তৈরির উদ্যোক্তাদের সব ধরনের সহযোগিতা করা হবে। কারখানা এলাকায় বিদ্যুৎ, যাতায়াত ব্যবস্থার উন্নয়নসহ বিভিন্ন দিক খেয়াল রাখা হচ্ছে। এখানকার কর্মরত নারী শ্রমিকদের সুস্বাস্থ্যের কথা ভেবে মেডিকেল ক্যাম্প করার আশ্বাসও দিয়েছেন এই কর্মকর্তা। পরিবেশবান্ধব এসব পণ্য ব্যবহারে সবাইকে আগ্রহী করে তুলতেও কাজ করছে জেলা প্রশাসন। গোল্ডেন জুট প্রোডাক্ট কার্যালয় সূত্রে জানা গেছে, ২০১৪ সালে প্রতিষ্ঠানটি গড়ে তোলার উদ্যোগ নেন জেলার সদর উপজেলার বরাট ইউনিয়নের ভবদিয়া এলাকার মো. হাকিম আলী সরদার। নিজের তিন একর জমি, জমানো টাকা এবং ইসলামি ব্যাংকের সহযোগিতায় তিনি গড়ে তোলেন গ্লোবাল গোল্ডেন জুট অ্যান্ড ক্রাফট লিমিটেড। বর্তমানে এটি গোল্ডেন জুট প্রোডাক্ট নামে পরিচালিত হচ্ছে। এখানে নিয়মিত কাজ করছেন ৮০০ শ্রমিক। চুক্তিভিত্তিতে কাজ করছেন আরও ১২০০ শ্রমিক। তাদের বেশিরভাগই পদ্মায় ঘরবাড়ি হারিয়ে নিঃস্ব। সরেজমিনে দেখা যায়, গোল্ডেন জুট প্রোডাক্টে পুরুষ শ্রমিকের সঙ্গে তাল মিলিয়ে কাজ করছেন নারীরাও। পাট, কচুরিপানা, হোগলা পাতা ও খড় দিয়ে তৈরি হচ্ছে নার্সারি পট, ফ্লোর ম্যাট, পেপারস্ ম্যাটসহ বিভিন্ন ধরনের ব্যাগ, ঝুড়ি, টিফিন বক্স, পেট হাউস, টিস্যু বক্স, ফাইল বক্স, ট্রে, ফুল ঝুড়িসহ বিভিন্ন

*৭-এর পাতায় দেখুন*

**সম্পাদক ও প্রকাশক :** মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
**ফোন :** ০৯৬৩৮-৩৬০৭৪৩, **ই-মেইল :** news.manabikbangladesh@gmail.com, **ওয়েবসাইট :** www.manabikbangladesh.com.

বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
মানবিক বাংলাদেশ




# পাকিস্তানের বিরুদ্ধে আফগানিস্তানের চাঞ্চল্যকর অভিযোগ

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানের বিরুদ্ধে জঙ্গি গোষ্ঠী আইএস ও অন্যান্য অস্থিতিশীলতা সৃষ্টিকারী সন্ত্রাসী সংগঠনগুলোকে সহায়তা করার অভিযোগ করেছে আফগানিস্তানের তালেবান কর্তৃপক্ষ। আফগান সরকারের নিরাপত্তা বিষয়ক বার্ষিক এক প্রতিবেদনে এই অভিযোগ করা হয়। আফগান সংবাদমাধ্যম 'খামা প্রেস' এই খবর জানিয়েছে। পাকিস্তানের সঙ্গে তুমুল উত্তেজনার মধ্যে নিরাপত্তা বিষয়ক এই প্রতিবেদন প্রকাশ করে আফগান সরকারের 'দ্য সেন্ট্রাল কমিশন ফর সিকিউরিটি অ্যান্ড পার্জিং অব দ্য তালেবান।' প্রতিবেদনে বলা হয়েছে, আইএস ও অন্যান্য অস্থিতিশীলতা সৃষ্টিকারী গোষ্ঠীর সদস্যরা পাকিস্তানের স্থানীয় কিছু গোষ্ঠীর সহায়তায় দেশটির বেলুচিস্তান প্রদেশ ও খাইবার পাকতুনখোয়া অঞ্চলে আস্তানা গড়ে তুলেছে। তারা এশিয়া এবং ইউরোপ থেকে নতুন সদস্য সংগ্রহ করছে। খুব সম্ভবত আগামী কয়েক মাসের মধ্যেই তারা ওই অঞ্চল এবং বিশ্বব্যাপী হামলার পরিকল্পনা করছে। সম্প্রতি পাল্টাপাল্টি হামলার জেরে পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে সম্পর্ক তলানিতে ঠেকেছে। সেইসঙ্গে সীমান্তে দেশ দুইটির মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে। গত ডিসেম্বরে সীমান্তবর্তী অঞ্চলে বিমান হামলা চালায় পাকিস্তান। এতে অন্তত ৫০ জন নিহত হয়েছে বলে দাবি করে আফগানিস্তান। এরপর আফগানিস্তানও পাকিস্তানে হামলা চালায়। এতে পাকিস্তানের অন্তত ১৯ জন সেনা নিহত হয় বলে দাবি আফগান যোদ্ধাদের। এরপর থেকে দেশ দুইটির সম্পর্ক তলানিতে। সর্বশেষ পাকিস্তানের বিরুদ্ধে আফগানিস্তানের এমন অভিযোগ দেশ দুইটির মধ্যে সম্পর্ক স্বাভাবিক করার ক্ষেত্রে চ্যালেঞ্জ হয়ে দাঁড়াল।

# ডি আর কঙ্গোর গোমা শহরে সংঘর্ষে নিহত কমপক্ষে ১৭

**আন্তর্জাতিক ডেস্ক :** পূর্বাঞ্চলীয় গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গোর (ডিআর) অবরুদ্ধ শহর গোমায় সংঘর্ষে কমপক্ষে ১৭ জন নিহত এবং প্রায় ৩৭০ জন আহত হয়েছে। গত সোমবার হাসপাতাল সূত্র এই তথ্য জানিয়েছে। কঙ্গোর সেনাবাহিনী রুয়ান্ডার সেনাবাহিনী সমর্থিত সশস্ত্র গোষ্ঠী এম২৩ বাহিনীকে প্রতিরোধের চেষ্টা করছে। এ সংঘাতের কারণে এক দশকেরও বেশি সময় ধরে চলমান সংঘাত আরো খারাপ হয়েছে। এদিকে এম২৩ সশস্ত্র গোষ্ঠীর অন্তর্ভুক্ত কঙ্গো রিভার অ্যালায়েন্সের নেতা কর্নেইল নাঙ্গা বার্তা সংস্থা রয়টার্সকে বলেছেন, 'তার বাহিনী গোমার নিয়ন্ত্রণ নিয়েছে। সেনাবাহিনী আত্মসমর্পণ শুরু করেছে। তবে সময় লাগছে।' এএফপির প্রতিবেদনে বলা হয়েছে, কামান এবং গুলির শব্দ ডি আর কঙ্গোর খনিজসমৃদ্ধ পূর্বের প্রধান কেন্দ্রজুড়ে শোনা যাচ্ছে। গতকাল মঙ্গলবার সকালে বেশ কয়েকটি পাড়ার বাসিন্দারা ছোট অস্ত্রের গুলি এবং কিছু বিস্ফোরণের শব্দ শুনেছেন। বিশেষ করে বিমানবন্দরের কাছে, যা এখনো জাতিসংঘ শান্তিরক্ষী এবং সরকারি সেনাদের হাতে রয়েছে বলে সূত্র জানিয়েছে। বিমানবন্দরের কাছে গোমার উত্তর মাজেঙ্গো পাড়ার একজন বয়স্ক নারী রয়টার্সকে বলেছেন, 'গত রাতে কিছুটা শান্ত হওয়ার পরে মধ্যরাতে আবার গুলি শুরু হয়।' মাজেঙ্গোর আরেক বাসিন্দা রাতভর এবং গতকাল মঙ্গলবার সকাল পর্যন্ত গুলিবর্ষণের খবর নিশ্চিত করেছেন। গোমার বাসিন্দা লুসি টেলিফোনে বলেন, 'আমরা আমাদের ঘরে লুকিয়ে আছি। আমরা ভয় পাচ্ছি। আমাদের বাড়ির বাইরে গুলি চালানোর শব্দ শুনতে পাচ্ছি, আমরা বের হতে পারছি না।' গত সোমবার শহরের হাসপাতালগুলোতে সংঘর্ষে আহত ৩৬৭ জনকে চিকিৎসা দেওয়া হয়েছে। এএফপির যাচাই করা তথ্যে জানা গেছে, কমপক্ষে ১৭ জন নিহতের তালিকায় রয়েছেন। উত্তর কিভু প্রদেশের আন্তর্জাতিক রেড ক্রস কমিটির প্রধান মরিয়াম ফ্যাভিয়ার বলেছেন, 'আমাদের সার্জিক্যাল দলগুলো এখন আহতদের বিশাল স্রোত মোকাবেলায় দিন-রাত কাজ করছে। আহতদের বেশির ভাগই বেসামরিক নাগরিক।' রুয়ান্ডা সীমান্তে পাঁচজন বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলে জানা গেছে। তুতসি জাতির নেতৃত্বাধীন এম২৩ সশস্ত্র গোষ্ঠীর পেছনে রুয়ান্ডার সমর্থন রয়েছে।

# গুগল ম্যাপে বদলে যাচ্ছে গালফ অফ মেক্সিকোর নাম

**আন্তর্জাতিক ডেস্ক :** যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘোষণা করেছে, গালফ অফ মেক্সিকোর নাম বদলানো হয়েছে। তারপরেই গুগল তাদের সিদ্ধান্তের কথা জানিয়েছে। জার্মান সংবাদ মাধ্যম ডয়চে ভেলের এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। এনিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে একটি বিবৃতি প্রকাশ করেছে গুগল। সেখানে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের ভেতরে গুগল ম্যাপে গালফ অফ মেক্সিকোর নাম বদলে গালফ অফ আমেরিকা করা হবে। কিন্তু আমেরিকার বাইরে এই বদল অন্যরকম হবে। মেক্সিকোতে পুরনো নাম, অর্থাৎ, গালফ অফ মেক্সিকোই রাখা হবে। আমেরিকা এবং মেক্সিকোর বাইরে ম্যাপে দুটো নামই রাখা হবে অর্থাৎ, সেখানে গালফ অফ মেক্সিকো এবং গালফ অফ আমেরিকা- দুটো নামই রাখা হবে পাশাপাশি।

**মার্কিন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বক্তব্য**

আমেরিকার স্বরাষ্ট্র মন্ত্রণালয় গত সপ্তাহে জানিয়েছে, তারা সরকারিভাবে গালফ অফ মেক্সিকোর নাম বদলে গালফ অফ আমেরিকা রেখেছে। সরকারি সমস্ত নথিপত্রে এই পরিবর্তন পরিমার্জন করা হচ্ছে। প্রতিবেদনে বলা হয়েছে, উত্তর আমেরিকার সর্বোচ্চ শৃঙ্গ আলাস্কার ডেনালি। ওই শৃঙ্গের নামও পরিবর্তন করে মাউন্ট ম্যাকিনলে করা হয়েছে। ২০১৫ সালে সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা এই শৃঙ্গের নাম পরিবর্তন করে ডেনালি রেখেছিলেন। কারণ, ওই অঞ্চলের স্থানীয় মানুষ ওই শৃঙ্গটিকে ডেনালি বলেন। ডোনাল্ড ট্রাম্প সেই নাম পরিবর্তন করে ফের পুরনো নাম রাখলেন। এরপরেই গুগল জানিয়েছে, তারা গুগল ম্যাপে এই নামেরও পরিবর্তন করবে। **ট্রাম্পের ঘোষণা** ক্ষমতায় এসে গালফ অফ মেক্সিকোর নাম যে তিনি পরিবর্তন করবেন, তা আগেই জানিয়ে রেখেছিলেন ট্রাম্প। সেই মতো গত সপ্তাহেই মার্কিন প্রশাসন আনুষ্ঠানিকভাবে নাম পরিবর্তন করেছে।

# আকস্মিক বন্যা, ফ্রান্সে রেড অ্যালার্ট জারি

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারি বৃষ্টিপাতের কারণে আকস্মিক বন্যা দেখা দিয়েছে ফ্রান্সের পশ্চিমাঞ্চলে। ফলে গত সোমবার দেশটিতে রেড অ্যালার্ট জারি করেছে ফ্রান্সের আবহাওয়া দপ্তর। এএফপির বরাত দিয়ে এ তথ্য নিশ্চিত করে ফ্রান্স-২৪। স্থানীয় কর্তৃপক্ষ বলছে, গত ৪০ বছরের মধ্যে সবচেয়ে ভয়াবহ বন্যার কবলে ফ্রান্স। এএফপির প্রতিবেদনে বলা হয়েছে, পানিতে তলিয়ে গেছে দেশটির রেনেস ভুইচেনসহ বেশ কয়েকটি শহর। ভয়াবহ এক ঝড়ের পর কয়েক দশকের মধ্যে এমন বন্যা আর দেখা যায়নি। 'হারমিনিয়া' নামের নিম্নচাপের কারণে বিশেষ করে ইলে-এট-ভিলেন বিভাগে মুষলধারে বৃষ্টিপাত হয়েছে। আবহাওয়া পরিষেবা মেটিও ফ্রান্স সতর্ক করেছে, পরিস্থিতি আরো খারাপ হতে পারে।

# প্রথম ধাপে মুক্তি পেতে যাওয়া জিম্মিদের মধ্যে ৮ জন মারা গেছেন: ইসরায়েল

**আন্তর্জাতিক ডেস্ক :** গাজায় যুদ্ধবিরতি চুক্তির শর্ত অনুযায়ী প্রথম ধাপে ৩৩ জন জিম্মিকে মুক্তি দেওয়ার কথা হামাসের। তার মধ্যে এখনও ২৬ জন ফিলিস্তিনি গোষ্ঠীর জিম্মায় রয়েছেন। তবে তাদের মধ্যে আটজন ইতোমধ্যে মারা গেছেন বলে দাবি করেছে ইসরায়েল। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির প্রতিবেদনে এ খবর জানা গেছে। গভীররাতে হামাসের দেওয়া তালিকা থেকে জিম্মিদের বর্তমান অবস্থা সম্পর্কে নিশ্চিত হওয়ার কথা জানিয়েছেন ইসরায়েল সরকারের মুখপাত্র ডেভিড মেনসার। সাংবাদিকদের তিনি বলেছেন, গোয়েন্দাদের প্রতিবেদনের সঙ্গে হামাসের তালিকার তথ্যে সাদৃশ্য পাওয়া গেছে বলে আপনাদের জানাতে কোনও বাঁধা নেই। হামাসের হাতে ইতোমধ্যে আটজন নিহত হয়েছেন। তাদের পরিবারকে এ ব্যাপারে আমরা জানিয়ে দিয়েছি। অবশ্য নিহত জিম্মিদের নাম প্রকাশ করেনি কর্তৃপক্ষ। গত রোববার যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর এখন পর্যন্ত সাত ইসরায়েলি নারীকে মুক্তি দিয়েছে হামাস। বিনিময়ে ইসরায়েলি কারাগারে বন্দি থাকা ২৯০ জনের বেশি ফিলিস্তিনিকে ছেড়ে দেওয়া হয়। গত রোববার রাতে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু জানিয়েছেন, বেসামরিক নারী আরবেল ইয়েহুদ, নারী সেনা আগাম বেরজের এবং অন্য এক জিম্মিকে ছেড়ে দেওয়ার বিষয়ে সম্মত হয়েছে হামাস। এছাড়া, শনিবার আরও তিন জিম্মিকে মুক্তি দেওয়া হবে। ২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েলে অনুপ্রবেশ করে হামাস হামলা চালায়। ওই হামলায় এক হাজার ২০০ জন নিহত ও অন্তত ২৫০ জনকে জিম্মি করে গাজায় ধরে নিয়ে যাওয়া হয় বলে দাবি করে আসছে ইসরায়েল। হামলার জবাবে গাজায় সামরিক অভিযান শুরু করে তেল আবিব। প্রায় ১৫ মাসের আগ্রাসনে ৪৭ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন বলে গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাতে জানা গেছে। ইসরায়েলের দাবি, এখনও হামাসের জিম্মায় থাকা ৮৭ ইসরায়েলির মধ্যে ৩৪ জন ইতোমধ্যে মারা গেছেন বলে তারা আশঙ্কা কড়ছে। এছাড়া, যুদ্ধ শুরুর আগেই তিন ইসরায়েলিকে অপহরণ করা হয়। তাদের একজন মারা গেছেন। ফেব্রুয়ারির ৪ তারিখ যুদ্ধবিরতির দ্বিতীয় ধাপ কার্যকর হওয়ার কথা। এই ধাপে অবশিষ্ট সমস্ত জিম্মির মুক্তির বিনিময়ে ইসরায়েলি কারাগারে থাকা আরও ফিলিস্তিনিদের ছেড়ে দেওয়া হবে। পাশাপাশি ইসরায়েলি সেনা সম্পূর্ণভাবে প্রত্যাহার করে টেকসই শান্তি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। তৃতীয় ও চূড়ান্ত ধাপে গাজার পুনর্গঠনে দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়া হবে। যুদ্ধবিরতির তিনটি ধাপই ঠিকঠাক মতো সম্পন্ন করার জন্য ইসরায়েলি সরকারের কাছে দাবি জানিয়েছে দেশটির জিম্মি ও নিখোঁজদের পরিবার পরিষদ। প্রত্যেক জিম্মির প্রত্যাবর্তন নিশ্চিত করার দাবি জানিয়ে পরিষদের পক্ষ থেকে বলা হয়েছে, তাদের (নিখোঁজ ও জিম্মি) প্রত্যেকের বাড়ি ফিরে আসা প্রয়োজন।



# চীনা চ্যাটবট ডিপসিক ব্যবহারে সতর্ক করল অস্ট্রেলিয়া

**আন্তর্জাতিক ডেস্ক :** সম্প্রতি বহুল আলোচনার জন্ম দিয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন (এআই) চ্যাটবট ডিপসিক। তবে চীনের নতুন এই প্রযুক্তি ব্যবহারে সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়েছে অস্ট্রেলিয়া। গতকাল মঙ্গলবার দেশটির শিল্প ও বিজ্ঞানমন্ত্রী এড হিউজিক ডিপসিক ব্যবহারকারীদের গোপনীয়তার রক্ষার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, এই সফটওয়্যারটি ডাউনলোড করার আগে ভালোভাবে চিন্তা করার জন্য আহ্বান করব। এএফপির খবর। চীনা কোম্পানি ডিপসিকের এআই চালিত চ্যাটবট অ্যাপটি গত সপ্তাহে যাত্রা শুরু করে আকস্মিক জনপ্রিয়তা লাভ করেছে। অল্প সময়ের মধ্যেই অ্যাপলের অ্যাপ স্টোরে সবচেয়ে বেশি ডাউনলোড হওয়া ফ্রি অ্যাপ হিসেবে শীর্ষে উঠে এসেছে। মার্কিন এআই কোম্পানিগুলোর তুলনায় এর উল্লেখযোগ্য কম ব্যয় হওয়ায় শেয়ারবাজারে আলোড়ন সৃষ্টি করেছে। ডিপসিক দাবি করেছে, তাদের এআই মডেল মার্কিন শীর্ষ মডেল যেমন চ্যাটজিপিটির সমকক্ষ। তবে ব্যয়ের দিক থেকে অনেক সাশ্রয়ী। গবেষকরা জানিয়েছেন, এই মডেল তৈরি করতে মাত্র ছয় মিলিয়ন ডলার খরচ হয়েছে, যা মার্কিন এআই কোম্পানিগুলোর বিলিয়ন ডলারের ব্যয়ের তুলনায় অনেক কম। এড হিউজিক বলেন, 'আমি এটার ব্যাপারে খুব সতর্ক থাকব। এই ধরনের অ্যাপে গুণমান, ভোক্তাদের পছন্দ, তথ্য ও গোপনীয়তার বিষয়গুলো খুব যত্নের সঙ্গে মূল্যায়ন করতে হয়।' অস্ট্রেলিয়ার বিজ্ঞানমন্ত্রী হিউজিক বলেন, ব্যবহারকারীদের গোপনীয়তা ও তথ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে চীনা কোম্পানিগুলো কখনো কখনো পশ্চিমা প্রতিদ্বন্দ্বীদের থেকে ভিন্ন। চীন খুব ভালো ও কার্যকরী পণ্য তৈরিতে পারদর্শী। তবে তাদের কোম্পানিগুলো শুধু নিজ দেশের তথ্য ও গোপনীয়তা রক্ষার পদ্ধতির সঙ্গে অভ্যস্ত। হিউজিক বলেন, 'যখন আপনি এটিকে বাজারে উন্মুক্ত করবেন, তখন প্রশ্ন উঠেড় ব্যবহারকারীদের তথ্য ও গোপনীয়তা রক্ষার প্রত্যাশা পূরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা? আমি সরাসরি বলতে চাই, এ বিষয়ে আপনাদেরও সতর্ক থাকা দরকার।' এর আগে ২০১৮ সালে অস্ট্রেলিয়া জাতীয় নিরাপত্তার উদ্বেগ প্রকাশ করে চীনা টেলিকম জায়ান্ট হুয়াওয়েকে তাদের ৫জি নেটওয়ার্ক থেকে নিষিদ্ধ করেছিল।




## বিনোদন



# এবার বিচারকের আসনে বসবেন মিথিলা

**বিনোদন ডেস্ক :** দুই বাংলার জনপ্রিয় অভিনেত্রী রাফিয়াত রশিদ মিথিলা। অভিনয়ের ক্যারিয়ারের প্রায় দুই দশক হতে চলেছে তার। শোবিজের নানা মাধ্যমে বহু বছর ধরে কাজ করছেন তিনি। কিন্তু এবারই প্রথমবারের মতো বিচারকের আসনে দেখা যাবে তাকে। সারাদেশে ছড়িয়ে ছিটিয়ে থাকা অভিনয় শিল্পীদের আলোয় আনার লক্ষ্য নিয়ে দীপ্ত টেলিভিশনে আসছে রিয়েলিটি শো 'দীপ্ত স্টার হান্ট'; সেখানকার প্রতিযোগীদের মধ্যে সেরাদের নির্বাচন করতে বিচারকমণ্ডলীতে যুক্ত হয়েছেন অভিনেত্রী রাফিয়াত রশিদ মিথিলা। এই শো'তে বিচারক হিসেবে দেখা যাবে এ অভিনেত্রীকে। সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যম নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে বিষয়টি জানিয়েছেন মিথিলা নিজেই। পাশাপাশি আগ্রহীদের এই শোয়ে আবেদন করারও আহ্বান জানিয়েছেন তিনি।

# আবারও বিতর্কের জড়ালেন উর্বশী

**বিনোদন ডেস্ক :** একের পর এক বিতর্কের জালে জড়িয়ে যাচ্ছেন বলিউড অভিনেত্রী উর্বশী রৌতেলা। 'ডাকু মহারাজ' ছবিতে ৬৪ বছরের অভিনেতার সঙ্গে জুটি বাঁধায় তার দিকে ধেয়ে এসেছিল কটাক্ষ। তারপরেই সাইফ আলি খানের ওপর হামলার ঘটনাতেও তার মন্তব্যের ব্যাপক সমালোচনা হয়েছে। নেটিজেনদের অনেকেই তাকে কটাক্ষ করে বলছেন, উর্বশী দেখতে সুন্দর হলেও তার বুদ্ধি নেই। যাকে এককথায় বলা হয়, 'বিউটি উইথ নো ব্রেন'। তবে এই মন্তব্যের প্রতিক্রিয়া দিয়েছেন অভিনেত্রী। গণমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে উর্বশী বলেন, 'আমাদের দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আমার দুই প্রিয় তারকা শাহরুখ খান ও সালমান খান।



# সাইফের উপর হামলার ঘটনায় নতুন মোড়

**বিনোদন ডেস্ক :** বলিউড অভিনেতা সাইফ আলি খানের ওপর হামলার ঘটনায় নতুন এক মোড় নিয়েছে। পশ্চিমবঙ্গের নদিয়া থেকে পুলিশ গ্রেফতার করেছে এক নারীকে। যার সাথে মূল অভিযুক্ত শরিফুল ইসলাম শেহজাদের যোগাযোগ রয়েছে। পুলিশ সূত্রে ভারতীয় গণমাধ্যম জানায়, এই নারী বাংলাদেশের শরিফুলকে ভারতে প্রবেশ করতে সাহায্য করেছিলেন। ভারতীয় সংবাদসংস্থা পিটিআই'র প্রতিবেদন অনুযায়ী, গ্রেফতার হওয়া নারীর বাড়ি মুর্শিদাবাদের আন্দুলিয়া গ্রামে। পুলিশ নদিয়া জেলার বিভিন্ন এলাকায় তল্লাশি চালিয়ে তাকে চাপড়া অঞ্চল থেকে আটক করে। গত ১৬ জানুয়ারি মধ্যরাতে সাইফ আলি খান নিজ বাসভবনে এক অজ্ঞাত ব্যক্তির ছুরিকাঘাতে আহত হন। এরপর পুলিশ শরিফুল ইসলাম শেহজাদ নামে এক জনকে গ্রেফতার করে। মুম্বাই পুলিশ দাবি করে, শেহজাদ বাংলাদেশি নাগরিক। কয়েক মাস আগে বাংলাদেশ থেকে তিনি ভারতে অনুপ্রবেশ করেছেন। তবে শরীফুলের আইনজীবীরা সেই দাবি নাকচ করে দিয়ে বলেন, শরিফুল ইসলাম শেহজাদ দীর্ঘদিন ধরেই মুম্বাইয়ের বাসিন্দা। শুধু তাই নয়, সাইফের ওপর হামলার ঘটনায় গ্রেফতার হওয়া শরিফুলের বিষয়ে নানা সংশয় দেখা দিয়েছে। তার বাবা রুহুল আমিন ফকির দাবি করেছেন, ফুটেজে যে ব্যক্তির ছবি দেখা গেছে সেই ব্যক্তির সঙ্গে আটক শেহজাদের চেহারায় কোনো মিল নেই। তিনি আরও জানান, তার ছেলে সাধারণত চুল ছোট রাখে এবং ফুটেজে দেখা ব্যক্তির চুলের স্টাইল আলাদা। এছাড়া সিআইডি জানিয়েছে, শরিফুলের সাথে ঘটনাস্থলে পাওয়া আততায়ীর আঙুলের ছাপের নমুনা মেলেনি। যা তদন্তকে আরও জটিল করে তুলেছে।

# অভিনেত্রী হওয়ার ইচ্ছা ছিল না ঋতাভরীর!



**বিনোদন ডেস্ক :** টলিউডের স্বনামধন্য অভিনেত্রী ঋতাভরী চক্রবর্তী। একাধারে গ্ল্যামার এবং অভিনয়ের জন্য প্রশংসিত তিনি। ছোটবেলা থেকেই অভিনয় জগতে পা রাখলেও, একেবারে ভিন্ন পেশার প্রতি ছিল আগ্রহ তার। সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে ঋতাভরী নিজেই জানিয়েছেন এমন চমকপ্রদ এক তথ্য। ছোটবেলায় অভিনেত্রী হওয়ার কোনও ইচ্ছা ছিল না তার। এ কথা নিজ মুখেই সবাইকে জানিয়েছেন অভিনেত্রী। তাহলে প্রশ্ন হলো, কী হতে চেয়েছিলেন তিনি? ঋতাভরী জানালেন, তার স্বপ্ন ছিল বাস কন্ডাক্টর অথবা টিকিট বিক্রেতা হওয়ার। ইনস্টাগ্রামে নিজের একটি ছবি শেয়ার করে তিনি লিখেছেন, 'জীবনের সেরা সময় কাটানোর সময়ই মনে পড়ে, তুমি একজন বাস কন্ডাক্টর হতে চেয়েছিলে।' এছাড়াও ঋতাভরী তার পোস্টে আরও জানান, আমার সব সংগ্রহ করা টিকিট কোথায় গেল? আর কে বাস কন্ডাক্টর হতে চেয়েছিল জীবনে? অথচ আজ তারা অন্য কিছু করছেন! এই পোস্টের মাধ্যমে ঋতাভরী তার শৈশবের স্মৃতি ভাগ করে নিয়েছেন ভক্তদের সঙ্গে। যেমনটা জেনে ভক্তরাও বেশ মজাই পেয়েছেন বলা যায়। ঋতাভরী বর্তমানে টলিউডের বেশ পরিচিত মুখ। সম্প্রতি তার অভিনীত 'বহুরূপী' সিনেমাটি পুজার সময় মুক্তি পেয়েছে। ভবিষ্যতে আরও বেশ কিছু সিনেমা মুক্তির অপেক্ষায় রয়েছে। এছাড়াও বলিউড অভিনেতা সুমিত অরোরার সঙ্গে প্রেমের গুঞ্জনও শোনা যাচ্ছে তার সম্পর্কে, যা সোশ্যাল মিডিয়ায় বেশ আলোচিত বিষয়।

# অভিবাসীদের জন্য অঝোরে কাঁদলেন সেলেনা

**বিনোদন ডেস্ক :** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্র থেকে অবৈধ অভিবাসীদের ফেরত পাঠাতে অভিযান শুরু করেছে স্থানীয় প্রশাসন। অবৈধ অভিবাসীদের হাতকড়া পরিয়েও ফেরত পাঠানোর দৃশ্যও দেখা গেছে। এসব ঘটনা দেখে কান্নায় ভেঙে পড়লেন মার্কিন গায়িকা-অভিনেত্রী সেলেনা গোমেজ। গত সোমবার সেলেনা গোমেজ তার ইনস্টাগ্রাম স্টোরিতে একটি ভিডিও পোস্ট করেন। তাতে অঝোরে কাঁদতে দেখা যায় তাকে। ভিডিওর ক্যাপশনে ৩২ বছরের এই গায়িকা লেখেন– "আমি দুঃখিত।" যদিও সমালোচনার মুখে ভিডিওটি মুছে ফেলতে বাধ্য হন এই অভিনেত্রী। তবে অন্তর্জালে ছড়িয়ে পড়া ভিডিওতে সেলিনা গোমেজ বলেন, "সবাইকে বলতে চাই, আমি খুবই দুঃখিত। অনেকে হামলার শিকার হচ্ছেন, শিশুরাও বাদ যাচ্ছে না। আমি বুঝতে পারছি না, কী হচ্ছে। আমি খুবই দুঃখিত। যদি আমি কিছু করতে পারতাম! কিন্তু সেটা সম্ভব নয়। আমি জানি না কী করব। তবে আমি প্রতিজ্ঞা করছি, যা সম্ভব তার সবকিছু করব।" সেলেনা গোমেজের পরিবার মেক্সিকো থেকে যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়ে থিতু হয়েছেন।

# মোহনীয় রূপে ধরা দিলেন জয়া

**বিনোদন ডেস্ক :** দুই বাংলার সমান জনপ্রিয় অভিনেত্রী জয়া আহসান। যার অভিনয়ের প্রশংসা শোনা যায় এপার-ওপার দুই বাংলার মানুষের কণ্ঠেই। জয়া যে কেবল অভিনয়ের জন্যই প্রশংসিত, তেমনটাও কিন্তু নয়। রূপে-গুনে সবসময়ই দ্যুতি ছড়ান তিনি। বয়সকে বুড়ো আঙুল দেখিয়ে সময়ের সঙ্গে সঙ্গে নিজেকে আরও আকর্ষণীয়ভাবে মেলে ধরেছেন ভক্তদের কাছে। সম্প্রতি নীল শাড়িতে আরও একবার মোহনীয় রূপে ধরা দিলেন জয়া। সোমবার ফেসবুকে শাড়ি পরিহিত অবস্থায় বেশ কয়েকটি ছবি প্রকাশ করেছেন তিনি। যেখানে নীল শাড়ির সঙ্গে কালো টিপে মুগ্ধতা ছড়িয়েছেন জয়া। তার সেই ছবি দেখে ভক্তরাও প্রশংসায় মেতেছেন। কেউ লিখেছেন, অপূর্ব সুন্দর। কারো মন্তব্য, আপনি আমাদের প্রিয় অভিনেত্রী, আপনাকে ভালোবাসি। সবসময় এমনই থাকবেন। এদিকে গত সোমবার 'বাগান বিলাস' শিরোনামে মুক্তি পেয়েছে জয়ার নতুন মিউজিক্যাল ফিল্ম। এর আগে এই কাজের কথা জানিয়ে সংগীতশিল্পী প্রীতম হাসান ও এলিটা করিমের সাথে একটি ছবি পোস্ট করেছিলেন জয়া।

# 'শিল্পী জীবন মাঝে মাঝে ভীষণ সার্থক মনে হয়'-পূর্ণিমা



**বিনোদন ডেস্ক :** ঢালিউডের আলোচিত ও লাস্যময়ী সুন্দরী নায়িকা দিলারা হানিফ পূর্ণিমা। তার চলচ্চিত্রে আগমন ঘটে জাকির হোসেন রাজু পরিচালিত 'এ জীবন তোমার আমার দিয়ে' সিনেমার মাধ্যমে। এরপর নিজের অভিনয় দক্ষতা দিয়ে দর্শকদের মনে জায়গা করে নিয়েছেন। এদিকে সামাজিক যোগাযোগ মাধ্যমেও পূর্ণিমা বেশ সরব রয়েছেন। সম্প্রতি তিনি কিংবদন্তী সংগীতশিল্পী শবনম মুশতারীনকে নিয়ে এক আবেগঘন পোস্ট দিয়েছেন। যেখানে পূর্ণিমা উল্লেখ করেছেন, 'শিল্পী জীবন মাঝে মাঝে ভীষণ সার্থক মনে হয়।' তার কথায়, 'শিল্পী জীবন মাঝে মাঝে ভীষণ সার্থক মনে হয় যখন আপনার মতো কিংবদন্তী শিল্পী (শবনম মুশতারীন) বলেন, 'পূর্ণিমা তোমাকে আমার খুব ভালো লাগে, তোমার কাজ আমি দেখেছি।' পূর্ণিমা বলেন, 'আমাদের একজন শবনম আছেন, এটাই আমাদের গর্বের বিষয়। আপনার সান্নিধ্যে এসে সময় কাটিয়েছি। এই পরম ভালোলাগার স্মৃতি শ্রদ্ধার সাথে লালন করবো আমার হৃদয়ে।' শেষে লিখেছেন, 'প্রিয় শবনম ম্যাম আপনি সুস্থ থাকুন, ভালো থাকুন অনেক দোয়া, ভালোবাসা।' প্রসঙ্গত, শবনম মুশতারী নজরুল সংগীত শিল্পী। সংগীতে অবদানের জন্য তিনি ১৯৯৭ সালে বাংলাদেশ সরকার প্রদত্ত সর্বোচ্চ বেসামরিক পুরস্কার একুশে পদকে ভূষিত হন। এছাড়া ২০১৫ সালে তিনি নজরুল পদক লাভ করেন।

# প্রকাশ পেলো জ্যাকি চ্যালের নতুন মুভির ফার্স্ট লুক



**বিনোদন ডেস্ক :** বিশ্বজুড়ে তুমুল জনপ্রিয় অভিনেতা জ্যাকি চ্যান। সর্বশেষ তিনি যুক্ত হয়েছেন অ্যাকশন ঘরানার 'দ্য শ্যাডো'স এজ' ছবিতে। এরইমধ্যে ছবিটির মূল দৃশ্যগুলোর শুটিং শেষ হয়েছে। চীনের পরিচালক ল্যারি ইয়াং ছবিটি পরিচালনা করছেন। গেল বছরের অক্টোবর থেকে ম্যাকাওতে শুটিং শুরু হয়েছিল। ''দ্য শ্যাডো'স এজ' জ্যাকি চ্যান এবং ল্যারি ইয়াং জুটির দ্বিতীয় সিনেমা। এর আগে তারা 'রাইড ওয়ান' সিনেমাতে একসাথে কাজ করেছিলেন। সেই ছবিটি ৩০টিরও বেশি দেশে মুক্তি পেয়ে ভালো ব্যবসা করেছিল। ছবিটি ২০২২ সাল থেকে জাপানে সর্বোচ্চ আয় করা চীনা সিনেমা হিসেবে পরিচিতি। ২০২৩ সালে এটি মালয়েশিয়ায় শীর্ষ তিনটি সর্বোচ্চ আয় করা চীনা সিনেমার মধ্যে ছিল। এবার তারা নতুন সাফল্যের হাতছানি দিচ্ছেন নতুন প্রকল্পে। প্রকাশ হয়েছে সেই ছবিটির ফার্স্ট লুক। সেটি নজর কেড়েছে চ্যানের ভক্তদের। জানা গেছে, 'দ্য শ্যাডো'স এজ' ছবিতে জ্যাকি চ্যান ম্যাকাও পুলিশ সার্ভিসের একজন অবসরপ্রাপ্ত সুরক্ষা বিশেষজ্ঞের চরিত্রে অভিনয় করবেন। তিনি এক শীর্ষস্থানীয় ডিটেকটিভ দলের সঙ্গে যোগ দেন। তাদের উদ্দেশ্য একটি চতুর চোর দলের বিরুদ্ধে লড়াই করা। এ ছবিতে দেখা যাবে অভিনব সব আইডিয়ায় গোয়েন্দাগিরি। থাকবে অ্যাকশনের ছড়াছড়ি। এই ছবিতে আরও অভিনয় করছেন ঝাং জিফেং, সি শা এবং সেভেনটিন গ্রুপের চাইনিজ সদস্য ওয়েন জুনহুই। এছাড়াও জ্যাকি চ্যান তার দীর্ঘদিনের সহকর্মী টনি লিউং কা ফাইয়ের সাথে প্রায় দুই দশক পর পুনরায় কাজ করছেন এই ছবির হাত ধরে। অ্যাকশন আর কমেডিতে ভরপুর সিনেমাটি দর্শককে বিনোদিত করবে, এই পত্যাশায় উচ্ছ্বসিত জ্যাকি চ্যান। ছবিটি চলতি বছরেই বিশ্বজুড়ে মুক্তি পাবে।



বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মোরগযুদ্ধে অংশগ্রহণকারী শিশুশিক্ষার্থীরা। সলঙ্গা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ

# সৈয়দপুরে বাজারে বোতলজাত সোয়াবিনের কৃত্রিম সংকট

**নীলফামারী প্রতিনিধি:** রমজানের দেড় মাস আগেই সৈয়দপুর বাজারে বোতলজাত সোয়াবিন তেলের কৃত্রিম সংকট দেখা দিয়েছে। জানা যায়, এস আলম গ্রুপ,সিটি গ্রুপ, মেঘনা গ্রুপ দেশে ভোজ্যজাত আমদানির মাধ্যমে অন্যান্য কোম্পানির কাছে বিক্রি করে থাকে। বড় এ তিনটি কোম্পানির কেনা সোয়াবিন তীর, ফ্রেস, রূপচাঁদা,পুষ্টি একাধিক কোম্পানির নামে ডিলারের মাধ্যমে খুচরা বাজারে মুদিখানার দোকানে বিক্রি হয়। সাধারণ গ্রাহকরা মুদিখানার দোকানে এসব কোম্পানির ২৫০ গ্রাম থেকে ৫শ' গ্রাম, ১ লিটার ও ২ লিটার বোতল সোয়ারিন তেল পাচ্ছে না। প্রায় মাসখানেক থেকে কেন যেন বাজারে সোয়াবিনের সংকট সৃষ্টি হয়েছে। বাধ্য হয়ে বোতলজাত তেলের দামে খোলা সোয়াবিন তেল কিনতে হয়। নিত্যদিনের অন্যতম ভোজ্য তেল সংকট থাকায় সাধারণ গ্রাহকরা হয়রানির শিকার হচ্ছে। মুদিখানা দোকানের খুচরা ব্যবসায়ীরদের অভিযোগ,তীর, ফ্রেস,রূপচাঁদা,পুষ্টি এ চারটি বোতলজাত সোয়াবিন তেল সরবরাহ কমে গেছে। কোম্পানির সেলম্যান ও ডিলার যোগসাজসে বাজারে কৃত্রিম সংকট তৈরি হচ্ছে এমন অভিযোগ ক্ষুদ্র মুদি দোকানদারের।। তাদের চাহিদা অনুযায়ী বোতল জাত সোয়াবিল তেল সরবারহ দিচ্ছে না। কোন কোম্পানি বোতলজাত সোয়াবিন তেল দিলেও তার বিপরীতে প্যাকেটজাত আটা,লবণ, আতব চাল, মশার কয়েল, সাবান, ডাল এসব পণ্য নিতে বাধ্য করছে। অন্যথায় খুচরা ওই দোকানদারকে শুধুমাত্র সোয়াবিন তেল দেয়া হচ্ছে না। অনেক ব্যবসায়ী বলেন, এক লিটার সোয়াবিন তেল বোতলজাত মোড়কে ১৭৫ টাকা এবং কেনেলা তীর ১৯০ টাকা কোম্পানির মূল্য নির্ধারণ করা। ওই তেল দোকানিদের কাছে পাইকারী দরে কেনা পড়ে ১৭৩ থেকে ১৭৪ টাকা। ফলে ব্যবসায়ীরা মোটা অংকের মূলধন খাটিয়ে লাভের পরিমাণ থাকে ১ থেকে ২ টাকা। সৈয়দপুর বাজারে মুদিখানা ব্যবসায়ী সাত্তার হোসেন বলেন, খোলা সোয়াবিন তেলের দামও ২৪ ঘন্টার ব্যবধানে উঠা নামা করে। একদিন আগেও যে তেলের পাইকারি দাম ১৬৭ টাকা লিটার পরের দিন সেই তেল কিনতে হয় ১৭২ টাকা। ফলে ১৬৭ টাকা কেনা তেল খুচরা ক্রেতাদের কাছে ১৭৫ টাকা বিক্রি করেছি। কিন্তু পাইকারি ১৭২ টাকা লিটার কেনা তেল বিক্রি এ নিয়ে হিমসীম খাচ্ছি। সৈয়দপুর উপজেলার এক ডিলার বলেন,বর্তমান বাজারে খুচরা সোয়াবিন তেল সরকারিভাবে ৮ টাকা দাম বাড়ানোর পরও বেশি দামে বিক্রি হচ্ছে। দেশে তেল আমদানিকারক বড় কোম্পানিগুলোর কারসাজি রমজানে খোলা সোয়াবিন ২শ' টাকা লিটারে বিক্রির জন্য কৃত্রিম সংকট তৈরি করছে। যে কারণে ডিলারদের চাহিদা মত প্রতিমাসে বোতলজাত সোয়াবিন তেল সরবরাহ করা হচ্ছে না। অন্তর্বর্তীকালীন সরকার এই সিন্ডিকেট ভাঙতে না পারলে সহজে ভোজ্য তেলের সমস্যা মিটবে না। সৈয়দপুর এক কোম্পানির সেল অফিসার (এসও) বলেন,এখানে প্রতিমাসে বোতলজাত সোয়াবিন তেলের চাহিদা রয়েছে ৮০ থেকে ৯০ লাখ টাকার। কিন্তু কোম্পানি ডিলারের চাহিদা মত সরবরাহ করছে না। কেন পারছে না তা আমার জানা নেই।

## গফরগাঁও সরকারি কলেজে চড়ুইভাতি ও সাংস্কৃতিক অনুষ্ঠান

**ময়মনসিংহ প্রতিনিধি:** প্রাকৃতিক ও ফুলের সৌন্দর্যে ভরা ময়মনসিংহের গফরগাঁও সরকারি কলেজ নানা আঙ্গিকে বৈচিত্র্যপূর্ণ রূপ প্রস্ফুটিত হয়। শীতের এই আমেজে কলেজের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সকল বর্ষের ছাত্র-ছাত্রীদের নিয়ে বার্ষিক চড়ুইভাতি ও সাংস্কৃতিক অনুষ্ঠান গতকাল অনুষ্ঠিত হয়েছে। কলেজের উদ্ভিদ বিভাগের আয়োজনে কলেজ ক্যাম্পাসে এই চড়ুইভাতি অনুষ্ঠিত হয়। উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ জাহাঙ্গীরুল ইসলামের সভাপতিত্বে চড়ুইভাতি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ প্রফেসর কাজী ফারুক আহাম্মদ। এসময় আরো উপস্থিত ছিলেন শিক্ষক পরিষদের সম্পাদক মোঃ আক্তারুজ্জামান সহ অন্যান্য শিক্ষকবৃন্দ ও গণমাধ্যমকর্মীরা প্রমূখ। চড়ুইভাতিতে শিক্ষক-শিক্ষার্থীদের মিলনমেলায় এক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। দেশীয় আয়োজনে মধ্যাহ্নভোজের বিরতির পর থেকে শিক্ষার্থীদের নিয়ে গানের অনুষ্ঠানের মধ্যদিয়ে শেষ হয় দিনব্যাপী আনন্দ আয়োজন। উল্লেখ্য, এর আগেও কলেজের প্রাণীবিদ্যা বিভাগের সকল বর্ষের ছাত্র-ছাত্রীদের নিয়েও বার্ষিক চড়ুইভাতি কলেজ ক্যাম্পাস অনুষ্ঠিত হয়েছিল।

## আগৈলঝাড়ায় বিএইচপি একাডেমীর কৃতি শিক্ষার্থী সংবর্ধনা

**বরিশাল প্রতিনিধি:** বরিশালের আগৈলঝাড়া ভেগাই হালদার পাবলিক একাডেমীতে কৃতি শিক্ষার্থী সংবর্ধনা, দুই দিন ব্যাপী বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরন অনুষ্ঠান অনুষ্ঠিত। গত সোমবার রাতে আগৈলঝড়া ভেগাই হালদার পাবলিক একাডেমীর এ্যাডহক কমিটির সভাপতি ও উপজেলা নিবার্হী অফিসার ফারিহা তানজিন সভাপতিত্বে বিদ্যালয় মাঠে পুরস্কার বিতরন ও আলোচনা সভা অনুষ্ঠিত। এসময় সভায় বক্তব্য রাখেন, উপজেলা নিবার্হী অফিসার ফারিহা তানজিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. মাহাবুবুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার শেখর রঞ্জন ভক্ত, আগৈলঝাড়া থানা অফিসার ইনচার্জ মো.অলিউল ইসলাম, ভেগাই হালদার পাবলিক একাডেমীর প্রধান শিক্ষক যতীন্দ্র নাথ মিস্ত্র, উপজেলা বিএনপির যুগ্ন-আহবায়ক ও অগৈলঝাড়া প্রেসক্লাব সভাপতি মো. মাহাবুবুল ইসলাম, উপজেলা বিএনপির যুগ্ন-আহবায়ক শাহ মোহাম্মাদ বখতিয়ার, আবুল মোল্লা, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফারহানা আক্তার, উপজেলা একাডেমী সুপারভাইজার প্রাণ কুমার ঘটক, কোদালধোয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পুলিন চন্দ্র বাড়ৈ, স্বর্গীয় ভেগাই হালদারের উত্তরশুরী অবনী ভুষন হালদার, সাংবাদিক এসএম ওমর আলী সানি প্রমুখ।



যন্ত্রের সাহায্যে বাতাস দিয়ে আমন ধানের চিটা আলাদা করছেন শ্রমিকেরা। এতে পারিশ্রমিক হিসেবে তাঁরা প্রতিদিন ৫০০ টাকা মজুরি পান। লাকুটিয়া, কাশীপুর, বরিশাল

## রাণীনগরে উদ্বোধন হলো পাখি পল্লী ও পর্যটন কেন্দ্র

**নওগাঁ প্রতিনিধি:** উম্মোচন করা হলো নওগাঁর রাণীনগর উপজেলার রক্তদহ বিল পাখি পল্লী,পর্যটন কেন্দ্র ও মৎস্য অভয়াশ্রমের। গতকাল মঙ্গলবার বিকেলে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন নওগাঁ জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আউয়াল। সংশ্লিষ্ঠরা বলছেন,পর্যটন কেন্দ্র ঘিরে একদিকে যেমন দেশের বিভিন্ন এলাকা থেকে হাজার হাজার দর্শনার্থীর আগমন ঘটবে,অন্য দিকে নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে এই এলাকায় অর্থনীতির নতুন মাত্রা যোগ হবে। উপজেলা প্রশাসন সুত্র জানায়,রাণীনগর উপজেলার ঐতিহাসিক রক্তদহ বিল থেকে রতনডারা নামক খাল বের হয়ে বিলের দক্ষিন অংশে রাণীনগর-আবাদপুকুর সড়কের হাতিরপুল দিয়ে আত্রাই নদীতে মিলিত হয়েছে। এই রক্তদহ বিলে এবং খালে বছরের বেশিরভাগ সময় জুরেই পানি থাকে। ফলে শীত মৌসুমে অতিথি পাখিদের ব্যপক উপস্থিতী লক্ষ করা যায়। এছাড়া বছর জুরেই এই বিলে মাছ থাকে। কিন্তু সচেতনতার অভাবে এবং নজরদারি নাথাকায় শিকারীদের কারনে পাখি ও মাছ কোনটায় টিকতে পারেনা। এছাড়া বর্ষা মৌসুমে ঐতিহ্যবাহি হাতিরপুলকে কেন্দ্র করে এবং রক্তদহ বিল দেখতে বিভিন্ন এলাকা থেকে হাজার হাজার দর্শনার্থী নৌকা ভ্রমনে আসেন এই এলাকায়। দর্শনার্থীদের বিনোদনের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাইমেনা শারমীন এর উদ্যোগে এই বিলকে পাখি পল্লী ও পর্যটন কেন্দ্র এবং মাছের অভয়াশ্রম হিসেবে গড়ে তুলতে প্রকল্পের মাধ্যমে কাজ শুরু করেন। প্রকৃতি প্রেমি পরিযাযী পাখিদের নিরাপত্তার জন্য রক্তদহ বিলের একটি বিশেষ অংশ সংরক্ষিত ঘোষনা করে পাখি কলোনী ও মৎস্য অভয়াশ্রম হিসেবে বিভিন্ন জায়গায় লাল পতাকা টাঙ্গানো হয়েছে। ইতি মধ্যে এই এলাকায় জনগণের অবাধ প্রবেশ এবং পাখিদের বিরক্ত না করার জন্য লিফলেট বিতরণ করা হচ্ছে। পাখিদের নিরাপদ আবাসস্থল হিসেবে রতনডারা খালের দুই পাশে গাছের ডালে ডালে প্রায় আড়াই শতাধীক মাটির পাতিল ঝুলানো হয়েছে। এছাড়া মাছের নিরাপদ প্রজনন ও স্বাভাবিক বৃদ্ধির লক্ষে বিশেষ এলাকা জুড়ে মৎস্য অভয়াশ্রম গড়ে তোলা হয়েছে। শেষ করা হয়েছে দৃষ্টিনন্দন পর্যটন কেন্দ্র ও পাখি পল্লীর সৌন্দর্য্য বর্ধনের কাজ। রাণীনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাইমেনা শারমীন জানান,হাতিরপুল এলাকাটি পর্যটকদের আকর্ষন করে। বর্ষা মৌসুমে রক্তদহ বিলের এই অঞ্চলটি যখন পানিতে ভরে যায় তখন আকর্ষনীয় হয়ে ওঠে। বিশেষ করে নৌকা ভ্রমণের জন্য হাজারো পর্যটকরা হাতিরপুল এবং রক্তদহ বিল দেখতে এখানে ভীড় জমায়। তাই দর্শনার্থীদের বিনোদন দেওয়ার লক্ষে জেলা প্রশাসকের নির্দেশনায় রক্তদহ বিলের হাতিরপুল এলাকায় পাখি পল্লী,মৎস্য অভয়াশ্রম ও পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলা হয়েছে। এতে একদিকে যেমন নতুন নতুন কর্ম সংস্থানেরও সৃষ্টি হবে,তেমনি পর্যটন কেন্দ্র ঘিরে এই এলাকায় অর্থনীতির নতুন মাত্রা যোগ হবে। রাণীনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাইমেনা শারমীন এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন,রাণীনগর উপজেলা বিএনপির সভাপতি আল হাজ্ব এছাহক আলী,সাংগঠনিক সম্পাদক মেজবাউল হক লিটন,উপজেলা জামায়াতের সাবেক আমির মোস্তফা ইবনে আব্বাস,কাশিমপুর ইউপি চেয়ারম্যান মকলেছুর রহমান বাবু,সদর ইউপি চেয়ারম্যান চন্দনা শারমীন রুমকিসহ জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

## ইবি শিক্ষকের স্থায়ী বহিষ্কারের দাবিতে এবার উপাচার্যের বাসভবনে শিক্ষার্থীরা

**কুষ্টিয়া প্রতিনিধি:** ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক হাফিজুল ইসলামের বিরুদ্ধে গুরুতর অভিযোগের ভিত্তিতে এক বছরের বাধ্যতামূলক ছুটির সিদ্ধান্তকে ‘প্রহ-সন’ আখ্যা দিয়ে ফের আন্দোলনে নেমেছেন শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার সকাল ১১টার দিকে শিক্ষার্থীরা বটতলা থেকে বিক্ষোভ মিছিল বের করে ক্যাম্পাসের বিভি-ন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নেন তারা। এ সময় ‘হাফিজ হটাও, ক্যাম্পাস বাঁচাও’, ‘শাস্তি না ছুটি, শাস্তি শাস্তি’, ‘বিশ্ববিদ্যালয়ের প্রহসন মানি না, মানব না’, ‘সমকামীর ঠিকানা, এই ক্যাম্পাসে হবে না’ বলে শিক্ষার্থীরা স্লোগান দেয়। শিক্ষার্থীরা বলেন, “বিশ্ববিদ্যালয় প্রশাসন অভিযোগ তদন্তে ছয় মাস সময় নিলেও কেবল এক বছরের জন্য বাধ্যতামূলক ছুটির সিদ্ধান্ত নিয়েছে। এই শিক্ষক ক্লাসে বাবা-মাকে নিয়ে গালি দেন এবং সমকামিতা প্রচার করেন। আমরা তার স্থায়ী বহিষ্কার দাবি করছি।” তদন্ত কমিটির আহ্বায়ক কাজী মোস্তফা আরিফ বলেন, “কিছু অভিযোগের প্রমাণের ভিত্তিতে শাস্তির সুপারিশ করা হয়েছিল। তবে চূড়ান্ত সিদ্ধান্ত প্রশাসনের।” এদিকে শিক্ষার্থীদের উপাচার্যের বাসভবনের সামনে থেকে সরে যেতে নির্দেশনা দিয়ে উপ-উপাচার্য অধ্যাপক ড. এম. এয়াকুব আলী বলেন, “বিশ্ববিদ্যালয় প্রশাসন হাফিজুল ইসলামকে এক বছরের বাধ্যতামূলক ছুটি দিয়েছে, যা বহিষ্কারের সমান। তাকে শোকজ করা হবে, কিন্তু আমরা স্থায়ী বহিষ্কার করতে পারবো না। তার বিরুদ্ধে স্থায়ী বহিষ্কারের বিষয়টি শুধুমাত্র পারবে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর।

## হারানো ফোন পেয়ে খুশি ভুক্তভোগীরা

**জামালপুর প্রতিনিধি:** যেকোনো জায়গায় মোবাইল চুরি বা হারিয়ে গেলে তা উদ্ধারে পুলিশ বদ্ধপরিকর বলে জানিয়েছে জামালপুর সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার ইয়াহিয়া আল মামুন। আর তথ্য ও প্রযুক্তি মাধ্যমে একেরপর এক হারানো ফোন উদ্ধার করে প্রশংসায় ভাসছে সরিষাবাড়ী থানা পুলিশ। গতকাল মঙ্গলবার দুপুরে জামালপুরের সরিষাবাড়ী থানায় এক প্রেসব্রিফিংয়ে এসব কথা বলেন অতিরিক্ত পুলিশ সুপার ইয়াহিয়া আল মামুন। তিনি আরো বলেন,পুলিশের আইসিটি বিভাগের অভিজ্ঞ কর্মকর্তারা তথ্যপ্রযুক্তি ব্যবহার করে মোবাইলের অবস্থান নিশ্চিত হয়ে তা উদ্ধার করেন।হারানোর মাত্রই জিডি বা অভিযোগ দায়ের করলে পুলিশ মোবাইল ফোন উদ্ধার সহ তথ্য ও প্রযুক্তির মাধ্যমে ক্ষতিগ্রস্ত হলে পুলিশ তাদের সহায়তা করতে প্রস্তুত। এসময় চলতি মাসে চুরি ও হারিয়ে যাওয়া ২০ টি ফোন উদ্ধার করে প্রকৃত মালিকের কাছে ফিরিয়ে দেয় পুলিশ। এসময় সরিষাবাড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা চাঁদ মিয়া, পুলিশ উপ পরিদর্শক সাইফুল ইসলাম, মোস্তাক আহমেদ সহ মোবাইল ফোনের মালিকরা উপস্থিত ছিলেন।

## ধর্মঘটে চাঁদপুর থেকে ট্রেন চলাচল বন্ধ

**চাঁদপুর প্রতিনিধি:** মূল বেতনের সঙ্গে রানিং অ্যালাউন্স যোগ করে পেনশন এবং আনুতোষিক সুবিধা দেওয়ার বিষয়ে জটিলতা নিরসন না হওয়ায় চাঁদপুরেও কর্মবিরতি পালন করছেন বাংলাদেশ রেলওয়ের রানিং স্টাফরা। গতকাল মঙ্গলবার চাঁদপুর বড় স্টেশন থেকে কোনো ট্রেন ছেড়ে যায়নি। এতে করে চরম বিপাকে পড়েছেন ২ শতাধিক রেলের যাত্রীরা। রেলের রানিং স্টাফদের মধ্যে রয়েছেন ট্রেনচালক, গার্ড, টিকিট চেকার ও অ্যাটেনডেন্স। কর্মবিরতির কারণে গতকাল মঙ্গলবার ভোর পাঁচটায় চট্টগ্রামগামী মেঘনা এক্সপ্রেস ছেড়ে না যায়নি। চট্টগ্রাম থেকে সাগরিকা এক্সপ্রেস ১২.৫০ মিনিটে চাঁদপুরে আসেনি। এতে বিপাকে পড়েছেন যাত্রীরা। অনেকে টিকিট বাতিল করে রিফান্ড করেছেন। শিডিউল অনুযায়ী চাঁদপুরে বেলা ১২.৫০ মিনিটে সাগরিকা আসার কথা। পরে ১.৪৫ মিনিটে সেটি চট্টগ্রামের উদ্দেশ্যে ছেড়ে যাবে। রাত দশটায় আসে মেঘনা এক্সপ্রেস। ছেড়ে যায় ভোর পাঁচটায় কর্মবিরতি অব্যাহত থাকলে এসব ট্রেন ছেড়ে যাওয়ার কোনো সম্ভাবনা নেই বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। চাঁদপুর রেলওয়ে প্লাটফরম স্টেশন মাস্টার সোয়াইব সিকদার বলেন, যেসব ট্রেনের শিডিউল বাতিল হয়েছে বা বাতিল হবে সে সব ট্রেনের টিকিট রিফান্ড করা হবে। অনলাইনে যারা টিকেট কেটেছেন তারা অ্যাপসে রিফান্ড পেতে পারবেন। সরাসরি যারা টিকেট কেটেছেন তারা এলে কাউন্টার থেকে টাকা ফেরত নিতে পারবেন। তিনি বলেন, ট্রেন বন্ধ থাকায় যাত্রীরা সড়কপথে গন্তব্যে চলে গেছেন। আমাদের সব প্রস্তুতি আছে। নির্দেশনা এলে আমাদের ট্রেন ছেড়ে যাবে।

## মহিনন্দ ইতিহাস ঐতিহ্য সংরক্ষণ পাঠাগারকে ইউএনওর বই উপহার

**কিশোরগঞ্জ প্রতিনিধি:** কিশোরগঞ্জের মহিনন্দ ইতিহাস ঐতিহ্য সংরক্ষণ পাঠাগারকে (ওয়ার্লড বুকের ১৮ খন্ড) বই উপহার প্রদান করেছেন সদরের ইউএনও। গতকাল মঙ্গলবার দুপুরে মহিনন্দ ইতিহাস ঐতিহ্য সংরক্ষণ পাঠাগারের প্রতিষ্ঠাতা লেখক ও যুব সংগঠক আমিনুল হক সাদীর কাছে এসব বই তুলে দিয়েছেন কিশোরগঞ্জ সদর উপজেলার নির্বাহী অফিসার মো: এরশাদ মিয়া। এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলার সমাজসেবা অফিসার মুহাম্মদ মঈনুর রহমান মনির। বই পেয়ে আমিনুল হক সাদী প্রতিক্রিয়ায় বলেন, গবেষণা কর্মের অন্যতম সহায়ক এই বইগুলো আমার কাছে মহামুল্যবান।

# ঘোড়াঘাটে পশুখাদ্য হিসেবে বিক্রি হচ্ছে গম চারা

**দিনাজপুর প্রতিনিধি:** দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলার বিভিন্ন বাজারে পশুখাদ্য হিসেবে বিক্রি হচ্ছে গমের সবুজ চারা। বেশি লাভ হওয়ায় কৃষকরা গম উৎপাদনের পরিবর্তে গাছগুলো কেটে বাজারে বিক্রি করছেন। এতে করে পূরণ হচ্ছে না গম উৎপাদনের লক্ষ্যমাত্রা। জানা যায়, উপজেলার বিভিন্ন হাটবাজারে এখন বিক্রি হচ্ছে গমের সবুজ চারা। বেশি লাভ হওয়ায় কৃষকরা গমের গাছগুলো কেটে আটি বেঁধে বাজারে বিক্রি করছেন। বাজারে প্রতি আটি ১০ টাকা করে বিক্রি হচ্ছে। যা গরু, ছাগল, ভেঁড়াসহ সকল প্রকার পশুখাদ্য হিসেবে ব্যবহৃত হচ্ছে। কৃষকরা জানান, প্রতি বিঘা জমিতে সর্বোচ্চ ৮ মণ গম পাওয়া যায়। ২ হাজার টাকা মণ হিসেবে যার মূল্য ১৬ হাজার টাকা। সেখানে প্রতি বিঘা জমিতে গমের গাছ হবে ৪ হাজারের বেশি আঁটি। যার মূল্য হবে ৪০ হাজার টাকার বেশি। এছাড়া গম পরিপক্ব হওয়ার জন্য আরও ২ মাস জমিতে রাখতে হবে। এজন্য আগেই পশুখাদ্য হিসেবে কৃষকরা গমের গাছ বিক্রি করছেন। পরবর্তীতে ওই জমিতে অন্য ফসল ফলাতে পারবেন। তাই জমির সদ্য ফুলে বের হওয়া গমের গাছগুলো কেটে বাজারে বিক্রি করেছেন স্থানীয় কৃষকরা। উপজেলার মগলিশপুর গ্রামের কৃষক গনেশ জানান, তিনি ২০ শতাংশ জমির সদ্য ফুলে বের হওয়া গমের গাছ বাজারে বিক্রি করতে নিয়ে এসেছেন। প্রতি আটি গমের গাছ ১০ টাকা দরে বিক্রি করছেন। তিনি বলেন, গম গাছ পরিপক্ক করার চেয়ে, কাঁচাঘাস হিসেবে বাজারে চারা বিক্রি করাই বেশি লাভ। এছাড়া কম সময়ে বাজারে বিক্রি করে জমিতে অন্য ফসলের আবাদ করা যাবে। উপজেলা কৃষি অফিসের তথ্য অনুযায়ী সারিয়াকান্দি উপজেলায় দিনদিন গমের আবাদ কমে যাচ্ছে। এ বছর ভূট্টার আবাদ দ্বিগুণ হওয়ায় এবার গমের আবাদ অর্ধেকে নেমে এসেছে। উপজেলায় গত বছর ১১০ হেক্টর জমিতে গমের আবাদ হয়েছিল। এ বছর গম চাষের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১০০ হেক্টর। চলতি মৌসুমে ৫০ হেক্টর জমিতে গমের আবাদ হয়েছে। সারিয়াকান্দি উপজেলা কৃষি কর্মকর্তা জানান, ভুট্টায় বেশি লাভ হওয়ায় এ উপজেলায় কৃষকরা ভুট্টা চাষে বেশি ঝুঁকে পড়েছেন। ফলে গমের আবাদ কমে গেছে। কৃষকেরা পশুখাদ্য হিসেবে গমের সবুজ গাছ বাজারে বিক্রি করছেন। এতে করে গম চাষের লক্ষ্যমাত্রা ও উৎপাদন দুটোই কমে যাচ্ছে।

## মান্দায় প্রতিবন্ধী রবিউল পেলেন চার্জার রিকশা

**নওগাঁ প্রতিনিধি:** নওগাঁর মান্দায় শারিরীক প্রতিবন্ধী রবিউল ইসলামকে (৩০) একটি চার্জার রিকশা প্রদান করা হয়েছে। উপজেলা প্রশাসন ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে রবিউলকে এ রিকশাটি প্রদান করা হয়। প্রতিবন্ধী রবিউল ইসলাম উপজেলার প্রসাদপুর ইউনিয়নের পার-এনায়েতপুর গ্রামের কফিল উদ্দিনের ছেলে। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহ আলম মিয়া, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শারমিন জাহান লুনা, মান্দা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনসুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা শাকিল আহমেদ, ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম বাবুল চৌধুরী, নওফেল আলী মণ্ডল, আব্দুল মতিন মণ্ডল ও ডা. তোফাজ্জল হোসেন উপস্থিত ছিলেন। প্রসাদপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল মতিন মণ্ডল বলেন, জন্মগতভাবেই শারিরীক প্রতিবন্ধী ছিলেন রবিউল ইসলাম। অভাবের সংসার হওয়ায় ভিক্ষাবৃত্তি করেই সংসার চালাতেন। বিষয়টি উপজেলা প্রশাসন ও সমাজসেবা কার্যালয়ের নজরে আনা হলে তাকে পুর্নবাসনের লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়। এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহ আলম মিয়া বলেন, ভিক্ষুক পুর্নবাসন ও বিকল্প কর্মসংস্থান প্রকল্পের আওতায় প্রতিবন্ধী রবিউল ইসলামকে একটি চার্জার রিকশা দেওয়া হয়েছে। এখন থেকে এর উপার্জিত অর্থ দিয়েই যেন রবিউল ইসলাম সংসার চালাতে পারেন। আর ভিক্ষাবৃত্তি করতে না হয়।



বিক্রির জন্য বরইয়ের পসরা সাজিয়ে বসেছেন এক পাহাড়ি নারী। বনরূপা, দেওয়ান পাড়া, রাঙামাটি

# লিবিয়ায় মৃত্যু: সন্তানের লাশ ফেরত চান বাবা-মা

**মাদারীপুর প্রতিনিধি:** ইতালি যেতে পারলে পরিবারে সচ্ছলতা আসবে। দূর হবে দুঃখ-কষ্ট। এই আশায় মাদারীপুর থেকে ইতালির উদ্দেশে রওনা হয়ে অসংখ্য যুবক পাড়ি জমিয়েছে লিবিয়াতে। সেখান থেকে কেউ কেউ ইতালি পৌঁছাতে পারলেও নৌকা ডুবিতে মৃত্যু, দালালের হাতে আটকে থেকে দফায় দফায় টাকা দিয়ে বাড়িতে ফেরত আসা আবার টাকা দিয়েও মৃত্যু বরণের শিকার হতে হচ্ছে অনেক তরুণকে। রঙিন স্বপ্ন দুঃস্বপ্নে রূপ নেয় লিবিয়ার গেমঘরে! দালাল বা মাফিয়াদের হাতে বন্দি থেকে! সম্প্রতি রাকিব মহাজন নামে এক তরুণ দালালদের অমানুষিক নির্যাতনের শিকার হয়ে মারা গেছেন। অথচ তাকে মুক্তি দিতে পরিবারের কাছ থেকে দালালচক্র হাতিয়ে নিয়েছে ৪২ লাখ টাকা! এখন ছেলের লাশ চান তারা বাবা-মা। শেষ বার একটু ছুঁয়ে দেখতে চান সন্তানকে! খোঁজ নিয়ে জানা গেছে, উন্নত জীবনের আসায় ইতালিতে পাড়ি জমাতে গিয়ে টানা তিন মাস লিবিয়ার বন্দিশালায় অমানুষিক নির্যাতনের পর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় মাদারীপুরের রাকিব মহাজন! অথচ তার মুক্তির জন্য মাফিয়াদের দফায় দফায় ৪২ লাখ টাকা দিয়েছে রাকিবের পরিবার। রাকিবের মৃত্যুর খবর আসার পর কান্নায় ভেঙে পড়েন স্বজনরা। মরদেহ দেশে ফিরিয়ে আনতে সরকারের সহযোগিতা চেয়েছেন পরিবার। দালালদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন স্বজন ও এলাকাবাসী। নিহতের পরিবারের সদস্যরা জানায়, 'তিন বছর আগে উন্নত জীবনের আশায় বাড়ি ছাড়ে মাদারীপুর সদর উপজেলার পখিরা গ্রামের নাজিম উদ্দিন মহাজনের ছেলে রাকিব মহাজন। এরপর ধরা পড়ে লিবিয়ার মাফিয়াদের হাতে। সেখানেই রাকিবকে বন্দি করে চালানো হয় নির্যাতন। পরিবার কয়েক দফা মুক্তিপণের টাকা দিলেও মুক্তি মেলেনি রাকিবের।' স্বজনরা জানায়, স্থানীয় দালাল জাহাঙ্গীর মৃধার প্রলোভনে পড়ে রাকিব। পরে জাহাঙ্গীরের ভায়রা সোহাগ মাতুব্বরের মাধ্যমে ২৭ লাখ টাকায় ইতালী পাঠানোর চুক্তি হয়। সমুদ্রপথে লিবিয়া হয়ে ইতালী যাওয়ার সময় লিবিয়ার দালালরা বন্দিশালায় জিম্মি করে রাকিবকে। এরপর আদায় করে মুক্তিপণের টাকা। শেষে রাকিবকে বিক্রি করে দেওয়া হয় লিবিয়ায় বসবাসরত মাদারীপুরের ঝাউদির গ্রামের আরেক দালাল মাজেদ ফলিকার কাছে। সেও একই পদ্ধতিতে পরিবার থেকে আদায় করে আরও ১৫ লাখ টাকা। এরপর রাকিবকে খাবার দেওয়া বন্ধ করে দেয় দালালরা। পরে গুরুতর অসুস্থ হয়ে পড়লে লিবিয়ার একটি বেসরকারি হাসপাতালে রাকিবকে রেখে পালিয়ে যায় মাফিয়ারা। গত বুধবার বাংলাদেশ সময় দুপুর ১টার দিকে মৃত্যু হয় রাকিবের।' নাজিম উদ্দিন মহাজন বলেন, 'এক দালালের মাধ্যমে প্রথমে চুক্তি হয়। পরে লিবিয়ায় পৌঁছালে আবারো বিক্রি করে দেয় আমার ছেলেকে। পরে অন্য দালাল বন্দিশালায় জিম্মি করে নির্যাতন করে আদায় করে লাখ লাখ টাকা। রাকিবের মৃত্যুর খবর আমরা কিছুতেই মেনে নিতে পারছি না।

## নাসিরনগরে শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ

**ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি:** ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর উপজেলার ভলাকুট ইউনিয়ন বিএনপি'র সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান মো: বরকত উল্ল্যাহ'র ব্যক্তিগত উদ্যোগে আড়াইশতাধিক শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে স্থানীয় ভলাকুট বাজার চত্বরে ভলাকুট ইউনিয়নের বিভিন্ন ওর্য়াডের অসহায় দরিদ্র আড়াইশতাধিক শীতার্তদের মাঝে এসব কম্বল বিতরণ করা হয়। কম্বল বিতরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা বিএনপির সভাপতি এম এ হান্নান। ভলাকুট ইউনিয়ন বিএনপি'র সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান মো: বরকত উল্ল্যাহ'র সভাপতিত্বে উপজেলা যুবদলের যুগ্ম-আহবায়ক তৌহিদুল ইসলামের পরিচালনায় কম্বল বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ভলাকুট ইউনিয়ন বিএনপি'র সাধারণ সম্পাদক মো: বাচ্চু মিয়া,উপজেলা বিএনপির সদস্য মো: মফিজুল ইসলাম,মো: মুজিবুর রহমান,উপজেলা যুবদলের সদস্য সচিব মো: মাসুদ চৌধুরী,উপজেলা সেচ্ছাসেবক দলের সদস্য সচিব মো: নজরুল ইসলাম,সাংবাদিক মো: আশরাফ উদ্দিন,সদর ইউনিয়ন যুবদলের সভাপতি মুখলেছুর রহমান,নাসিরনগর সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক মো: ইয়াসিন মাহমুদ ।



চারপাশ আলো করে ফুটে থাকা সূর্যমুখী ফুলে মধু সংগ্রহ করতে ব্যস্ত মৌমাছিরা। টেবুনিয়া, পাবনা




# শুরু হলো চ্যাম্পিয়ন্স ট্রফির টিকিট বিক্রি

**স্পোর্টস ডেস্ক :** চ্যাম্পিয়ন্স ট্রফির ফাইনালের টিকিট বিক্রি হবে ম্যাচের মাত্র চার দিন আগে। আইসিসি বলছে, ৪ মার্চ নির্ধারিত প্রথম সেমিফাইনাল শেষ হওয়ার পরই ফাইনালের টিকিট বিক্রি হবে। ফাইনালের জন্য এত দেরীতে টিকিট ছাড়ার কারণে, টুর্নামেন্টের হাইব্রিড মডেল। ১৯ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া আট দলের টুর্নামেন্টের জন্য গত সোমবার টিকিট বিক্রির ঘোষণা দিয়ে, আইসিসি বলেছে ৪ মার্চ নির্ধারিত প্রথম সেমিফাইনালের পরে ফাইনালের টিকিট পাওয়া যাবে। ভারত শেষ চারে উঠুক বা না পারুক না কেন, প্রথম সেমিফাইনালের আয়োজন করবে দুবাই ইন্টারন্যাশনাল। ভারত ফাইনালে উঠলে সেটাও দুবাইয়ের মাঠেই হবে। দ্বিতীয় সেমিফাইনাল অনুষ্ঠিত হবে লাহোরে, এবং ভারত যদি ফাইনালের টিকিট না পায়, সেক্ষেত্রে ফাইনাল ম্যাচ হবে লাহোরে। আট দলের ২০২৫ চ্যাম্পিয়ন্স ট্রফি আসর পাকিস্তানের করাচি, রাওয়ালপিন্ডি, লাহোর এবং দুবাই; এই চারটি ভেন্যুতে অনুষ্ঠিত হবে। পাকিস্তানে গ্রুপ পর্বের ম্যাচ হবে করাচি, লাহোর ও রাওয়ালপিন্ডিতে। দুবাইয়ে ম্যাচের টিকিট বিক্রির কথা এখনও জানানো হয়নি। আজ সকাল থেকে গ্রুপ ম্যাচের টিকিট ও দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচের টিকিট বিক্রি হবে। বিক্রি করা হবে জেনারেল স্ট্যান্ডের টিকিট। যার মূল্য পাকিস্তানি রুপিতে ১০০০ ও ১৫০০। জানা গেছে, ১০টি ম্যাচের টিকিট বিক্রি করা হবে। সবটাই হবে অনলাইনে। তবে, ফাইনালের টিকেট পাওয়া যাবে ম্যাচের কেবল চার দিন আগে।



## লেস্টার সিটি ছাড়লেন হামজা

**স্পোর্টস ডেস্ক :** লেস্টার সিটি ছেড়ে দ্বিতীয় স্তরের ক্লাব শেফিল্ড ইউনাইটেডে যোগ দিয়েছেন বাংলাদেশের হামজা চৌধুরী। ইংলিশ প্রিমিয়ার লিগের ক্লাব থেকে তাকে ধারে দলে নিয়েছে ইংলিশ ফুটবল লিগ চ্যাম্পিয়নশিপের ক্লাব শেফিল্ড। শেফিল্ডের আগে বার্টন আলবিয়ন ও ওয়াটফোর্ডেও ধারে খেলেছেন হামজা। তবে শেফিল্ডে স্থায়ী হওয়ার শর্তও রয়েছে বাংলাদেশি এই ডিফেন্ডারের। লেস্টারের সঙ্গে এখনো ২ বছরের চুক্তি আছে হামজার। তবে চলতি মৌসুমে লেস্টারে খেলার সুযোগ পাচ্ছেন না তিনি। হামজাকে পরিকল্পনায় রাখছেন না কোচ রুদ ফন নিস্টেলরয়। সব ধরনের প্রতিযোগিতায় তিনি হামজাকে খেলিয়েছেন মাত্র ৬ ম্যাচ। ২০১৫ সালে চুক্তিবদ্ধ হওয়ার পর লেস্টারের জার্সিতে সব মিলিয়ে ৯১ ম্যাচ খেলেছেন হামজা।

# আল হিলালের সঙ্গে চুক্তি বাতিল করলো নেইমার



**স্পোর্টস ডেস্ক :** বেশ কয়েকদিন ধরেই চলছিল টানাপোড়েন। নেইমার আল হিলালে থাকবেন নাকি থাকবেন না, তা নিয়ে চলছিল নানান কথা। অবশেষে ভাগ্য অন্বেষণে চূড়ান্ত সিদ্ধান্তটি নিয়েই ফেললেন নেইমার। সৌদি আরবের পাঠ চুকিয়ে দিয়েছেন তিনি। আল হিলালের সঙ্গে চুক্তি থেকে বেরিয়ে গেছেন ব্রাজিলিয়ান সুপারস্টার। সামাজিক যোগাযোগমাধ্যমে নেইমারের চুক্তি থেকে বেরিয়ে যাওয়ার খবর দেয় আল হিলাল। সৌদি প্রো লিগের ক্লাবটি জানায়, দুই পক্ষের সমঝোতার মাধ্যমেই সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়েছে। এর মধ্য দিয়ে ব্রাজিলিয়ান ক্লাব সান্তোসের সঙ্গে চুক্তির পথ সুগম হলো নেইমারের। ফুটবল-বিষয়ক ওয়েবসাইট ইএসপিএন গত রোববার জানিয়েছিল, ছোটবেলার ক্লাব সান্তোসের সঙ্গে ৬ মাসের চুক্তি নিয়ে আলোচনা করছেন নেইমার। যেখানে এই সম্ভাব্য চুক্তির মেয়াদ আরও দেড় বছর বর্ধিত করার সুযোগও রাখছে দুই পক্ষ। সমঝোতা সহজ সম্পন্ন করতে চুক্তি অনুযায়ী প্রাপ্য বেতনের একটি অংশ নেবেন না নেইমার। ব্রাজিলিয়ান তারকার ছেড়ে দেওয়া অর্থের পরিমাণ ২ কোটি ৫০ লাখ থেকে ৩ কোটি ডলারের মধ্যে। কিন্তু চুক্তি অনুযায়ী নেইমারের পাওয়ার কথা ৬ কোটি ৫০ লাখ ডলার। ২০২৩ সালে ৯ কোটি ৭৬ লাখ ডলারের বিনিময়ে প্যারিস সেইন্ট জার্মেই (পিএসজি) থেকে আল হিলালের সঙ্গে ২ বছরের জন্য চুক্তিবদ্ধ হন নেইমার। এরপর হ্যামস্ট্রিং ইনজুরিতে পড়ে একটানা এক বছর মাঠের বাইরেই ছিলেন তিনি। ফেরার পর দুই ম্যাচ না খেলতেই আবারও ইনজুরিতে চলে যান ব্রাজিলিয়ান তারকা। এরপর আর মাঠেই নামা হয়নি। আল হিলালের জার্সিতে মাত্র ৭ ম্যাচ খেলেন নেইমার। এসব ম্যাচে গোল করেন মাত্র ১টি। সেটি ২০২৩ সালের ৩ অক্টোবর এএফসি চ্যাম্পিয়ন্স লিগের গ্রুপ পর্বে নাসাজি মাজানদারানের বিপক্ষে।

# দলে চমক আনার সঙ্কেত দিলেন আর্থার

**স্পোর্টস ডেস্ক :** ৮ জয়ে ১৬ পয়েন্ট সংগ্রহ করে পয়েন্ট টেবিলের শীর্ষে রয়েছে রংপুর রাইডার্স। টানা ৮ ম্যাচ জিতে সবার আগে প্লে-অফ নিশ্চিত করেছে রাইডাররা। পরের ম্যাচে চিটাগং কিংসকে হারাতে পারলেই নিশ্চিত করে ফেলবে কোয়ালিফায়ার। রংপুর রাইডার্সের দল এমনিতেই তারকায় ঠাসা। প্লে-অফকে সামনে রেখে আরও কিছু তারকাকে দলে ভেড়ানোর গুঞ্জন রয়েছে। আলোচনায় রয়েছে ডেভিড ওয়ার্নার, সুনীল নারাইনের মত টি-টোয়েন্টি স্পেশালিস্টদের নাম। রংপুরের প্রধান কোচ মিকি আর্থারও দলে বড় নাম সাইন করানোর ব্যাপারটি নিশ্চিত করেছেন। যদিও কারও নাম নিতে চাননি তিনি। সংবাদ সম্মেলনে আর্থার বলেছেন, 'হ্যাঁ কিছু বিদেশি সাইনিং নিয়ে কাজ চলছে। সব চূড়ান্ত হওয়ার পর জানাবো আপনাদেরকে। (হাসি) অনেক বড় নাম আছে এখানে। আমরা যাদের সাথে কথা বলছি। এর চেয়ে বেশি কিছু আপনাকে জানাতে পারছি না।' সর্বশেষ দুই ম্যাচে দুর্বার রাজশাহীর কাছে হেরেছে রংপুর। টানা ভালো খেলতে থাকা রংপুর রাইডার্সের এমন ছন্দপতন কিছুটা অবাক করেছে সবাইকেই। তাও আবার বিতর্কে জর্জরিত দুর্বার রাজশাহীর কাছে টানা দুই ম্যাচে হার। বিষয়টি নিয়ে অত চিন্তিত নন আর্থার। চান দল যেন ভুল শুধরে ঘুরে দাঁড়াতে পারে। আর্থার বলেন, 'না (চিন্তিত না) আসলে আমরা কিছুটা মোমেন্টাম হারিয়েছি মনে হয়। টানা ৮ ম্যাচ আমরা ভালো খেলেছি। মাঝে ৬ দিনের গ্যাপ। এরপর সেই মোমেন্টামটা আর খুঁজে পাইনি। কিছু জায়গায় কাজ করলেই আবার ঠিক হয়ে যাব আমরা। তবে দ্রুত এটি করতে হবে আমাদের। কারণ সামনে অনেক ব্যস্ত সপ্তাহ আসছে।' টপ অর্ডারে খেলা ব্যাটারদের রান না পাওয়ার ব্যাপারে আর্থার জানিয়েছেন, 'উইকেট কিছুটা পরিবর্তন হয়েছে। এই উইকেট বেশি পরীক্ষা নিচ্ছে ব্যাটারদের। প্রপার ক্রিকেট শট খেলা নিয়ে কাজ করেছি আমরা। আমার মনে হয় আমরা যেসব শট খেলে শেষ ম্যাচে আউট হয়েছি সেগুলো অনেক সফট শট ছিল। ভালো হয়নি সেখানে। কথা বলেছি সেসব নিয়ে। আমি প্রতিটি প্লেয়ারের মধ্যে ১০০% বিশ্বাস করি। কারণ আমি তাদের পারফর্ম করতে দেখেছি। গায়ানাতে কঠিন কন্ডিশনে তাদের পারফর্ম করতে দেখেছি। আমি জানি তাদের সামর্থ্য কী। কেবল চাই তারা জয়ের ধারায় ফিরুক। কাল ভালো একটি পারফরম্যান্স চাই।' এবারের বিপিএলের উইকেট অন্যান্য আসরের চেয়ে ভালো ছিল। আগের আসরে একের পর এক লো স্কোরিং ম্যাচে বিরক্ত ছিলেন দর্শকরা।



## জুভেন্টাস ছাড়ছেন দানিলো

**স্পোর্টস ডেস্ক :** জুভেন্টাসের সঙ্গে সাড়ে ৫ বছরের সম্পর্কচ্ছেদ করেছেন ব্রাজিলের ডিফেন্ডার দানিলো। আগামী জুন পর্যন্ত চুক্তির মেয়াদ থাকলে ব্রাজিল জাতীয় দলের বর্তমান অধিনায়ক জানিয়ে দিয়েছেন, তিনি আর প্রিয় ক্লাবটিতে থাকছেন না। ২০১৯ সালে ইতালিয়ান সিরিআর ক্লাবটির সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে ব্রাজিল তারকা খেলেছেন মোট ২১৩ ম্যাচ, গোল করেছেন ৯টি। গত সোমবার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে আবেগঘন পোস্টের মাধ্যমে জুভেন্টাস ছাড়ার কথা জানান দানিলো। দুপক্ষের সমঝোতার মাধ্যমে এই সিদ্ধান্ত হয়েছে বলে জানায় জুভেন্টাস।
সিরিআর ক্লাবের জার্সিতে ব্রাজিলিয়ান ডিফেন্ডার সর্বশেষ খেলেন গেল বছরের ডিসেম্বরে ভেনেজিয়ার বিপক্ষে। এক্সে দানিলো লেখেন, 'প্রিয় বিয়ানকোনেরি, আমি কোথা থেকে শুরু করবো, সত্যিই বুঝতে পারছি না।

# সত্যি হলো তাসকিনের আশঙ্কা আবারও বাউন্স হলো চেক



**স্পোর্টস ডেস্ক :** 'ওটা (চেক বাউন্স) হলে তো কিছু করার নেই। আশা করি হবে না, উইকেটের মতো বাউন্স করবে না'। নিতান্তই মজা করে কথাটি বলেছিলেন তাসকিন আহমেদ। কিন্তু দুর্ভাগ্য স্বরূপ সেটাই হলো। দুর্বার রাজশাহীর প্লেয়ারদের পেমেন্ট চেক আবারও বাউন্স হয়েছে। বিপিএলে প্রতিদিনই নতুন, নতুন সব ঘটনার জন্ম দিচ্ছে দুর্বার রাজশাহী ফ্র্যাঞ্চাইজি। আবারও চেক বাউন্স হওয়াতে নতুন করে বিপদে দুর্বার রাজশাহীর ক্রিকেটাররা। খেলোয়াড়দের পারিশ্রমিক যথা সময়ে না দেওয়া, চট্টগ্রামে হোটেল বিল দিতে না পেরে বিব্রতকর অবস্থা, টাকা পাননি বলে ম্যাচ বয়কট করে দলের বিদেশি ক্রিকেটাররা; এমন নানা নেতিবাচক ঘটনার পর গতকাল রাজশাহীকে নিয়ে সর্বশেষ বিতর্ক, প্লেয়ারদের পেমেন্ট চেক আবারও বাউন্স হয়েছে। রাজশাহীর ইতোমধ্যে গ্রুপ পর্বের সব ম্যাচ খেলা শেষ। প্লে-অফের দৌড়ে তারা এখনও টিকে থাকলেও তাকিয়ে থাকতে হবে অন্য দলগুলোর দিকে। এই ক্ষেত্রে রাজশাহী যদি প্লে-অফে সুযোগ না পায় তাহলে চলমান বিপিএলে তাদের আর কোনো ম্যাচ নেই।

## স্বাস্থ্য



# রাতে ঘন ঘন প্রস্রাবের কারণ কী?

**স্বাস্থ্য ডেস্ক :** রাতে বার বার ঘুম থেকে উঠে মূত্রত্যাগের এ রোগের নাম নকটারিয়া একদিন এক বন্ধুর বাবা-মা বলছিলেন যে, তারা রাতে ভাল করে ঘুমাতে পারেন না। তার কারণ হিসেবে তারা বলছিলেন, তাদের বয়স হয়ে গেছে, হয়তো সে কারণেই রাতে অনেকবার উঠে টয়লেট যেতে হয়। ফল স্বরূপ, রোজ সকালে বেশ ক্লান্তি অনুভব করেন তারা। বিশ্বের সব দেশেই এ অভিযোগ কমবেশি শোনা যায়। কিন্তু বিষয়টি নিয়ে লজ্জা আর কুণ্ঠার কারণে চিকিৎসকের পরামর্শ দূরে থাক, আপনজনদের কাছেও মুখ ফুটে প্রকাশ করেন না বেশিরভাগ মানুষ। অথচ চিকিৎসকের পরামর্শ আর জীবনযাত্রায় পরিবর্তনের মাধ্যমে এ সমস্যা সমাধান সম্ভব। চিকিৎসকের ভাষায় এটি একটি শারীরিক সমস্যা, আর এ সমস্যার একটা আনুষ্ঠানিক নামও আছে। একে বলা হয় নকটারিয়া বা রাতের বেলা বার বার ঘুম থেকে উঠে মূত্রত্যাগ করতে শৌচাগার বা টয়লেট ব্যবহার করা। যুক্তরাজ্য ভিত্তিক স্বাস্থ্য বিষয়ক প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল কন্টিনেন্স সোসাইটির তথ্য অনুযায়ী, নকটারিয়ার সংজ্ঞায় বলা হয়েছে, রাতে ঘুম ভেঙে অন্তত দুই বার প্রস্রাব করার জন্য যদি কাউকে উঠতে হয়, তাহলে তিনি এ রোগে আক্রান্ত।
এই সমস্যার কারণে ঘুম এবং জীবনযাপন- দুটোতেই বিঘ্ন তৈরি হয়। বয়স্ক মানুষের মধ্যে এই সমস্যা বেশি দেখা যায়। এক হিসাব অনুযায়ী, ৭০ বছরের বেশি বয়সী প্রতি পাঁচ জনের মধ্যে তিন জনই এই সমস্যায় ভোগেন। এছাড়া আবহাওয়া এবং সামাজিক অবস্থান নির্বিশেষে গর্ভবতী নারীরাও এই সমস্যায় পড়েন অনেক সময়ই। তবে কম বয়সীরাও এতে আক্রান্ত হতে পারেন। নারী-পুরুষ যে কেউই এ সমস্যায় আক্রান্ত হতে পারেন। নকটারিয়ার কারণ কী? দুটি কারণে নকটারিয়া দেখা দিতে পারে। একটি হচ্ছে মূত্রথলির ধারণ ক্ষমতা কমে যাওয়া এবং দ্বিতীয়টি হচ্ছে মূত্র উৎপাদন বেড়ে যাওয়া। এই অবস্থাকে পলিইউরিয়া বলা হয়। প্রথম কারণটির ক্ষেত্রে একটি অঙ্গের ধারণক্ষমতার কথা বলা হচ্ছে, যা সাধারণত ৩০০-৬০০ মিলিলিটার হয়ে থাকে। দুটি কারণে এই ধারণক্ষমতা কমতে পারে। এগুলো হচ্ছে- প্রথমত, শারীরবৃত্তীয় পরিবর্তন। পুরুষের ক্ষেত্রে এটা সাধারণত হয়ে থাকে বেনাইন প্রোস্টেটিক হারপারট্রফি নামে এক ধরণের স্বাস্থ্যগত সমস্যার কারণে। এই সমস্যায় পুরুষের প্রোস্টেট বড় হয়ে যায়। নারীদের ক্ষেত্রে স্থূলতা এবং পেলভিক অরগ্যান প্রোল্যাপসের মতো সমস্যায় এই রোগ দেখা দিতে পারে। পেলভিক অরগ্যান প্রোল্যাপসের ক্ষেত্রে জরায়ু, মূত্রথলি বা মলদ্বার দুর্বল হয়ে পড়ে বা ঢিলা হয়ে যায়। আর দ্বিতীয় কারণ হচ্ছে, অন্যান্য সমস্যা যেমন ওভারঅ্যাকটিভ ব্ল্যাডার সিনড্রোম, সংক্রমণ, সিস্টাইটিস ইত্যাদি স্বাস্থ্য সমস্যা থাকলেও নকটারিয়া হতে পারে। পলিইউরিয়ার মতোই নকটারিয়া বা রাতে মূত্র উৎপাদনের হার অ্যান্টি-ডিউরেটিক হরমোনের প্রভাবে কমে যায়। কিন্তু বয়স বাড়ার সাথে সাথে আমাদের দেহে এই হরমোনের নিঃসরণ রাতে বেলা কমে যায়। অন্যান্য অনেক রোগের কারণে নকটারিয়া দেখা দিলেও এটিই এই সমস্যার অন্যতম প্রধান কারণ। এছাড়া ডায়াবেটিস, এডেমাটোস স্টেটস বা টিস্যুতে অত্যধিক তরল আটকে থাকার কারণে ফোলা ভাব, হৃদরোগ, উচ্চ রক্তচাপ, সন্ধ্যায় বেশি পরিমাণে তরল গ্রহণ, অতিমাত্রায় ক্যাফেইন, অ্যালকোহল বা তামাক গ্রহণের কারণেও এটি হতে পারে। এছাড়া কিছুকিছু রোগের ওষুধ গ্রহণের কারণেও পার্শ্বপ্রতিক্রিয়া হিসেবে মূত্র উৎপাদন বৃদ্ধি এবং মূত্রথলির কার্যক্রমে সমস্যা দেখা দিতে পারে। এসব ওষুধ হচ্ছে: ডায়রেটিকস- তরল ধারণ ক্ষমতার চিকিৎসা এবং উচ্চ রক্তচাপের চিকিৎসায় এটি ব্যবহৃত হয়। অ্যান্টিকলোনারজিকস- ওভারঅ্যাকটিভ ব্ল্যাডার সিনড্রোমের চিকিৎসায় এটি ব্যবহার করা হয়। এই ওষুধ সেসব স্নায়ুর সংকেতে বিঘ্ন ঘটাতে পারে যেগুলো এই অঙ্গগুলো নিয়ন্ত্রণ করে এবং এর কারণে ঘন ঘন প্রস্রাবের চাপ আসতে পারে। দেখা দিতে পারে নকটারিয়া। উচ্চ রক্তচাপের চিকিৎসায় ব্যবহৃত ওষুধ খেলে এই সমস্যা দেখা দিতে পারে। ডিপ্রেশন বা বিষণ্ণতা প্রতিরোধে ওষুধ সেবনেও এ ধরনের সমস্যা দেখা দিতে পারে। কারণ এগুলো অনেক সময় অ্যান্টিডিউরেটিক হরমোনের কাজ কমিয়ে দেয়। বাইপোলার ডিসঅর্ডারের মতো মানসিক সমস্যার চিকিৎসায় ব্যবহৃত লিথিয়াম ওষুধ সেবনেও এই সমস্যা দেখা দিতে পারে। তবে তার মানে এই নয় যে, যারা এসব রোগের চিকিৎসায় এ ধরনের ওষুধ সেবন করছেন তারা সবাই পার্শ্বপ্রতিক্রিয়া হিসেবে এ ধরণের উপসর্গে পড়বেন বা নকটারিয়াতে আক্রান্ত হবেন। যদি কেউ মনে করেন যে তার মধ্যে এ ধরণের প্রভাব বা উপসর্গ দেখা দিচ্ছে এবং তিনি যদি এটি নিয়ে উদ্বিগ্ন থাকেন তাহলে চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত। এতে করে তারা ওই ওষুধ পরিবর্তন করে বা বিকল্প কোন উপায় সম্পর্কে পরামর্শ দিতে পারেন। নকটারিয়া কীভাবে বন্ধ করা যায়? নকটারিয়া আক্রান্ত প্রত্যেক মানুষের চিকিৎসা আলাদাভাবে করতে হবে। কারণ একেকজনের আক্রান্ত হওয়ার পেছনে আলাদা আলাদা হাজারো কারণ থাকতে পারে। তারপরেও চিকিৎসকের পরামর্শ অনুযায়ী এখানে মৌলিক কয়েকটি টিপসের কথা উল্লেখ করা হলো, যা সাধারণভাবে সব বয়সের নকটারিয়া আক্রান্ত রোগীর কাজে আসতে পারে - নকটারিয়া বন্ধে অ্যালকোহল, কফি এবং তামাক অবশ্যই পরিহার করতে হবে। জীবনযাত্রায় পরিবর্তন: ঘুমাতে যাওয়ার অন্তত চার থেকে ছয় ঘণ্টা আগে তরল খাবার খাওয়া কমিয়ে আনুন। রাতের বেলা অ্যালকোহল এবং ক্যাফেইন গ্রহণ পরিহার করতে হবে। ধূমপান ত্যাগ করুন। ওজন বেশি থাকলে তা কমিয়ে ফেলুন। ঘুমাতে যাওয়ার আগে মূত্রত্যাগ করুন।

## হার্ট অ্যাটাক ও কার্ডিয়াক অ্যারেস্ট কী সম্পূর্ণ আলাদা?

**স্বাস্থ্য ডেস্ক :** হৃদরোগে আক্রান্ত হওয়া- বাংলায় এটাই বলা হয় বেশির ভাগ ক্ষেত্রে। কিন্তু হার্টের সমস্যাকে ইংরেজিতে বলতে গেলে সাধারণত দু'টি কথা বলে সবাই। এর একটি হলো 'হার্ট অ্যাটাক' এবং অন্যটি 'কার্ডিয়াক অ্যারেস্ট'। দু'টি প্রায় সমার্থক শব্দ হিসেবেই ব্যবহৃত হয়। কিন্তু দুটি সম্পূর্ণ ভিন্ন বলে জানিয়েছেন চিকিৎসকরা। কাকে বলে হার্ট অ্যাটাক আর কাকে বলে কার্ডিয়াক অ্যারেস্ট? হার্ট অ্যাটাক : যখন করোনারি আর্টারি কোনো কারণে ব্লক হয়ে যায়, আর এর কারণে যদি হার্টের পেশিতে রক্ত চলাচল ব্যাহত হয়, তাহলে তাকে বলে হার্ট অ্যাটাক। হৃদযন্ত্রে দু'টি আর্টারি থাকে। বাম এবং ডান। কোনো কারণে এগুলো ব্লক হয়ে গেলে হার্ট অ্যাটাক হতে পারে। কার্ডিয়াক অ্যারেস্ট : এটি একেবারেই আলাদা। কোনো কারণে হার্টের পাম্পিং পদ্ধতি বা স্পন্দনের ক্ষেত্রে সমস্যা হলে এটি হয়। এটি হার্টের ইলেকট্রিক্যাল সমস্যা থেকেই হতে পারে। এর সাথে ব্লকের সম্পর্ক খুব একটা নেই। দু'টির মধ্যে সম্পর্ক চিকিৎসকরা বলছেন, হার্ট অ্যাটাক হয় হৃদযন্ত্রে রক্ত চলাচল বাধাপ্রাপ্ত হলে। কিন্তু কার্ডিয়াক অ্যারেস্ট হলো হৃদযন্ত্রের একটি কর্মপদ্ধতিগত সমস্যা। কার্ডিয়াক অ্যারেস্টের ফলে হার্ট অ্যাটাক হতে পারে। কিন্তু হার্ট অ্যাটাকের কারণে কার্ডিয়াক অ্যারেস্ট হয় না। দু'টির কারণও আলাদা হার্ট অ্যাটাক : এর সাথে সম্পর্ক আছে জীবনযাপনের। ধূমপান, কোলেস্টেরল বেড়ে যাওয়া, ডায়াবেটিস, পরিবারের হার্টের অসুখের ইতিহাসের মতো কারণ থাকতে পারে এর পেছনে। কার্ডিয়াক অ্যারেস্ট : এটির সাথে জীবনযাপনের সম্পর্ক কম।
মারাত্মক পরিমাণে হাইপারট্রফিক কার্ডিওমায়োপ্যাথির কারণে কার্ডিয়াক অ্যারেস্ট হতে পারে। কম বয়সীদের মধ্যে কার্ডিয়াক অ্যারেস্টের অন্যতম কারণ এটি।

# শিশুদের হার্টে ছিদ্র হওয়ার কারণ জেনে নিন

**স্বাস্থ্য ডেস্ক :** মানুষে হৃদপিণ্ডে ছিদ্র থাকা মূলত একটি জন্মগত ত্রুটি। সাধারণত গর্ভাবস্থায় শিশুর হৃৎপিণ্ডের বিকাশজনিত সমস্যা কারণে এই ছিদ্র দেখা দিতে পারে। বাংলাদেশ হৃদরোগ বিশেষজ্ঞদের করা সাম্প্রতিক এক জরিপে দেখা গিয়ে, দেশটিতে প্রতি ১ হাজার শিশুর মধ্যে আট থেকে নয়জন এই হৃদপিণ্ডের ছিদ্রজনিত সমস্যায় ভুগে থাকে। তবে প্রকৃত সংখ্যা আরো বেশি বলে ধারণা করছেন বাংলাদেশ শিশু হাসপাতালের শিশু হৃদরোগ বিভাগের প্রধান এবং সিনিয়র কনসালট্যান্ট ডা. খলিফা মাহমুদ তারিক। যদি শুরুতেই সমস্যাটি ধরা পড়ে, তাহলে দ্রুত চিকিৎসার মাধ্যমে শিশুকে সম্পূর্ণ সুস্থ করা সম্ভব। তবে যদি দেরি হয়, জটিলতা ততো বাড়ে। এর চিকিৎসা কেমন হবে সেটা নির্ভর করে ছিদ্রটি হার্টের কোথায় আছে এবং ছিদ্রটি কত বড় সেটার ওপর। হৃদপিণ্ডের ছিদ্রের বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ করা হয়েছে যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল, ব্রিটেনের স্বাস্থ্য সেবা বিভাগ-এনএইচএস এবং বিশেষজ্ঞ চিকিৎসকদের থেকে। হৃদপিণ্ডে ছিদ্র ফুসফুসীয় ধমনীর মাধ্যমে ফুসফুসে পৌঁছায়। ফুসফুস ওই দূষিত রক্তে অক্সিজেনের যোগান দেয়। এরপর ফুসফুস থেকে বিশুদ্ধ রক্ত হৃদপিণ্ডের বাম অলিন্দে প্রবেশ করে এরপর বাম নিলয়ে যায়। হৃদপিণ্ডের বাম নিলয়ে আসা এই অক্সিজেন সমৃদ্ধ বিশুদ্ধ রক্ত মহা-ধমনীর মাধ্যমে সারা শরীরে প্রবাহিত হয়। হার্টে ছিদ্র থাকলে অর্থাৎ এএসডি বা ভিএসডি থাকলে ফুসফুসের মধ্য দিয়ে প্রবাহিত রক্ত চলাচল অস্বাভাবিক হয়ে পড়ে। কারণ ছিদ্রটি রক্তের স্বাভাবিক গতিপথে বাধা দেয়। বাম অলিন্দ থেকে অক্সিজেন সমৃদ্ধ বিশুদ্ধ রক্ত বাম নিলয়ে যাওয়ার কথা থাকলেও, এএসডি এর কারণে কিছু বিশুদ্ধ রক্ত ডান অলিন্দে চলে যায়। এতে বিশুদ্ধ রক্ত দূষিত রক্তের সাথে মিশে যায় এবং ফুসফুসের দিকে প্রবাহিত রক্তের পরিমাণ বাড়িয়ে দেয়। আবার ভিএসডি থাকলে বাম নিলয়ের কিছু বিশুদ্ধ রক্ত ছিদ্র দিয়ে ডান নিলয়ে প্রবেশ করে। এতে বিশুদ্ধ ও দূষিত রক্ত একসাথে মিশে যায়। এই রক্তই আবার ফুসফুসে ফিরিয়ে আনে। ছিদ্র বড় হলে বা দীর্ঘদিন ধরে থাকলে হার্ট এবং ফুসফুসের ক্ষতি করতে



মানুষের হৃৎপিণ্ডের চারটি প্রকোষ্ঠ থাকে। ওপরের দুটি হল অলিন্দ বা অ্যাট্রিয়া ও নিচের দুটি নিলয় বা ভেন্ট্রিকল। ওপরের দুটি অ্যাট্রিয়া ইন্টারএট্রায়াল সেপ্টাম নামক পর্দা দিয়ে আলাদা করা থাকে এবং নিচের দুটি ভেন্ট্রিকল আলাদা করে রাখে ইন্টারভেন্ট্রিকুলার সেপ্টাম নামে আরেকটি পর্দা। শিশুরা হার্টের বিভিন্ন অংশে ছিদ্র নিয়ে জন্মাতে পারে। ওপরের প্রকোষ্ঠের পর্দায় কোন ছিদ্র থাকলে তাকে অ্যাট্রিয়াল সেপ্টাল ডিফেক্ট (এএসডি) বলা হয়। নিচের পর্দার মধ্যে কোন ছিদ্র থাকলে তাকে ভেন্ট্রিকুলার সেপ্টাল ডিফেক্ট (ভিএসডি) বলে। এই ছিদ্রের কারণে হার্ট ও ফুসফুসের মধ্যে রক্ত চলাচল অস্বাভাবিক হয়ে পড়ে। মানবদেহের ফুসফুস রক্তে অক্সিজেনের যোগান দেয়। আর সেই অক্সিজেনযুক্ত রক্ত সারা শরীরে পরিবহনের কাজ করে হৃদপিণ্ড। শরীরের দূষিত রক্ত মহাশিরার মাধ্যমে প্রথমে হৃদপিণ্ডের ডান অলিন্দে প্রবেশ করে তার পর ডান নিলয়ে প্রবেশ করে। এই নিলয় থেকে দূষিত রক্ত পারে। এতে ফুসফুসের ধমনীতে রক্তচাপ বেড়ে যায়। হৃৎপিণ্ডকে তখন রক্ত পাম্প করার জন্য আরও কঠোর পরিশ্রম করতে হয়। এতে হার্টের ভালভের ওপর বাড়তি চাপ সৃষ্টি হয়। ফলে ভালভ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া ফুসফুসের ধমনীতে উচ্চ রক্তচাপ বা পালমোনারি হাইপারটেনশন দেখা দিতে পারে। যা স্থায়ীভাবে ফুসফুসের ক্ষতি করতে পারে। এতে ফুসফুস অক্সিজেন সরবরাহে ব্যর্থ হয়। যা শিশুকে মৃত্যুর দিকে ঠেলে দিতে পারে। শিশুর হার্টে ছিদ্র কেন হয় শুরুতেই বলা হয়েছে হৃদপিণ্ডে ছিদ্র হওয়া একটি জন্মগত ত্রুটি। অর্থাৎ শিশু হার্টে ছিদ্র নিয়েই জন্মায়। বাহ্যিক কোনো কারণে হার্টে ছিদ্র হওয়ার নজির নেই। মাতৃগর্ভে শিশুর হৃৎপিণ্ড একটি নল থেকে বিকশিত হয়, এরপর সেটি চারটি প্রকোষ্ঠে ভাগ হয়। সেই প্রকোষ্ঠের দুটি অংশ আলাদা করতে পর্দা গড়ে ওঠে।
জেনেটিক সমস্যা: ডাউন সিনড্রোম থাকলে শিশুর হার্টে ছিদ্র দেখা দিতে পারে।